

উচ্চতর গণিত
২য় পত্র

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

অধ্যায় ০৩
জটিল সংখ্যা

➤ ভার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
✪✪	T-01	A + iB আকারে প্রকাশ	5	-	DU'18-19; CU'23-24, 18-19; JU'22-23; Agri.'19-20	-
✪✪✪	T-02	জটিল সংখ্যার মডুলাস ও আর্গুমেন্ট সংক্রান্ত সমস্যা	13	1	DU'19-20, 17-18; GST'22-23; RU'22-23, 20-21, 19-20, 17-18; CU'23-24, 22-23; JU'23-24, 22-23, 18-19, 14-15; KU'17-18, 16-17	RU'19-20
✪✪✪	T-03	মূল সংক্রান্ত	19	-	RU'19-20, 17-18, 14-15, 11-12, 10-11, 07-08, 06-07; CU'22-23, 21-22, 15-16, 14-15, 11-12, 07-08; JU'19-20, 14-15; KU'19-20; JnU'17-18, 14-15, 11-12	-
✪✪✪	T-04	i এর ঘাতের মান নির্ণয় এবং ধারা সংক্রান্ত	9	-	DU'14-15; GST'23-24; RU'23-24, 22-23, 21-22; JU'18-19, 16-17	-
✪✪	T-05	ω এর ঘাতের মান নির্ণয় এবং ω এর ধারা সংক্রান্ত	2	-	GST'21-22; RU'19-20	-
✪✪✪	T-06	ω যুক্ত রাশির মান নির্ণয় সংক্রান্ত সমস্যা	08	-	DU'23-24, 18-19, 15-16; GST'23-24, 21-22, RU'22-23, 06-07; JU'22-23	-
✪✪✪	T-07	শর্তাধীনে মান নির্ণয় সংক্রান্ত	12	-	DU'16-17; GST'20-21; RU'23-24, 22-23, 15-16, 14-15; CU'23-24, 16-17; JU'19-20	-
✪✪✪	T-08	জটিল সংখ্যাভিত্তিক সঞ্চারপথ সংক্রান্ত	8	-	DU'16-17; RU'16-17, 13-14, 09-10; CU'22-23, 06-07; KU'19-20, 18-19	-

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Type-01: A+iB আকারে প্রকাশ

➲ **Formula & Concept:**

বাস্তব অংশগুলোকে A ও কাল্পনিক অংশগুলোকে B আকারে প্রকাশ করতে হবে।

➤ যদি দুটি জটিল সংখ্যা গুণ আকারে থাকে তবে সাধারণ নিয়মে গুণ করে A + iB আকারে প্রকাশ করতে হবে।

➤ যদি দুটি জটিল সংখ্যা ভাগ আকারে থাকে তবে হরের জটিল সংখ্যার অনুবন্ধী জটিল সংখ্যা দ্বারা লব ও হরকে গুণ করে A + iB আকারে প্রকাশ করতে হবে।

Scanned with OKEN Scanner
CamScanner

MCQ

01. $\frac{1}{1+i}$ কে A + iB আকারে প্রকাশ করলে B এর মান কত হবে? [CU'23-24] [Ans: b]

(a) $\frac{1}{2}$ (b) $-\frac{1}{2}$ (c) 1 (d) -1

সমাধান: $\frac{1}{1+i} = \frac{1-i}{(1+i)(1-i)} = \frac{1-i}{1^2-i^2} = \frac{1-i}{1+1} = \frac{1}{2} - \frac{1}{2}i \therefore B = -\frac{1}{2}$

02. যদি $\frac{2+3i}{2-i} = A + iB$ এবং A ও B বাস্তব সংখ্যা হয় তাহলে B এর মান কত? [JU'22-23; Agri.'19-20] [Ans: d]

(a) $\frac{3}{5}$ (b) $\frac{4}{5}$ (c) $\frac{7}{5}$ (d) $\frac{8}{5}$

সমাধান: $\frac{2+3i}{2-i} = A + iB \Rightarrow \frac{(2+3i)(2+i)}{(2-i)(2+i)} = A + iB$

$\Rightarrow \frac{4+6i+2i+3i^2}{2^2-i^2} = A + iB \Rightarrow \frac{4+8i-3}{4+1} = A + iB \Rightarrow \frac{1}{5} + \frac{8}{5}i = A + iB \therefore B = \frac{8}{5}$

03. $z = \frac{(-4+3i)}{i}$ এর কাল্পনিক অংশ- [DU'18-19] [Ans: b]

(a) 3 (b) 4 (c) -4 (d) -3

সমাধান: $z = \frac{-4+3i}{i} = -\frac{4}{i} + 3 = -\frac{4i}{i^2} + 3 = -\frac{4i}{-1} + 3 = 4i + 3$ ∴ কাল্পনিক অংশ = 4।

04. যদি $z_1 = 1 + i$ এবং $z_2 = 1 - i$ হয়, তাহলে $z_1 z_2$ এর মান হবে- [CU'18-19] [Ans: b]

(a) জটিল সংখ্যা (b) বাস্তব সংখ্যা (c) অবাস্তব সংখ্যা (d) কাল্পনিক সংখ্যা

সমাধান $z_1 z_2 = (1 + i)(1 - i) = 1 - i^2 = 1 + 1 = 2$ অর্থাৎ, বাস্তব সংখ্যা।

Type-02: জটিল সংখ্যার মডুলাস ও আর্গুমেন্ট সংক্রান্ত সমস্যা

➲ **Formula & Concept:**

➢ মডুলাস: মডুলাস হলো মূলবিন্দু থেকে কোনো জটিল সংখ্যার প্রতিরূপী বিন্দুর দূরত্ব।

প্রকাশ: mod (z), |z|, r

➢ আর্গুমেন্ট: কোনো জটিল সংখ্যা বাস্তব অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তাকে ঐ জটিল সংখ্যার আর্গুমেন্ট বলে।

প্রকাশ: θ, arg (z)

$z = x + iy$ একটি জটিল সংখ্যা হলে তার মডুলাস, $\boxed{|z| = \sqrt{x^2 + y^2} = r}$

আর্গুমেন্ট ২ প্রকার: (i) মুখ্য আর্গুমেন্ট (Principal argument) (ii) সাধারণ আর্গুমেন্ট (General argument)

(i) মুখ্য আর্গুমেন্ট (Principal argument): বাস্তব অক্ষের ধনাত্মক দিকের সাথে কোনো জটিল সংখ্যা যে ক্ষুদ্রতম কোণ উৎপন্ন করে তাকে মুখ্য আর্গুমেন্ট বলে।

সীমা: $-\pi < x \leq \pi$; [আমরা আর্গুমেন্ট নির্ণয় করতে বললে মুখ্য আর্গুমেন্টই নির্ণয় করবো]

(ii) সাধারণ আর্গুমেন্ট (General argument): মুখ্য আর্গুমেন্ট ব্যতীত বাকি সব আর্গুমেন্টই সাধারণ আর্গুমেন্ট।

♦ মুখ্য আর্গুমেন্ট নির্ণয়:

(i) প্রথম চতুর্ভাগে (1st Quadrant) $\boxed{\arg(z) = \tan^{-1}\left|\frac{y}{x}\right|}$

(ii) দ্বিতীয় চতুর্ভাগে (2nd Quadrant) $\boxed{\arg(z) = \pi - \tan^{-1}\left|\frac{y}{x}\right|}$

(iii) তৃতীয় চতুর্ভাগে (3rd Quadrant) $\boxed{\arg(z) = -\pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|}$

(iv) চতুর্থ চতুর্ভাগে (4th Quadrant) $\boxed{\arg(z) = -\tan^{-1}\left|\frac{y}{x}\right|}$

(v) অক্ষদ্বয়ের উপরে থাকলে: $a > 0$ হলে,

a এর মুখ্য আর্গুমেন্ট = 0; ai এর মুখ্য আর্গুমেন্ট = $\frac{\pi}{2}$; $-a$ এর মুখ্য আর্গুমেন্ট = π; $-ai$ এর মুখ্য আর্গুমেন্ট = $-\frac{\pi}{2}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

- জটিল সংখ্যার গুণফল, ভাগফল ও ঘাত:

দুইটি জটিল সংখ্যার গুণফল	দুইটি জটিল সংখ্যার ভাগফল	জটিল সংখ্যার n তম ঘাত
$z_1 = r_1e^{i\theta_1}$ এবং $z_2 = r_2e^{i\theta_2}$ হলে, $z_1z_2 = \underbrace{r_1r_2}_{\text{গুণফলের মডুলাস}}\, e^{\underbrace{i(\theta_1+\theta_2)}_{\text{গুণফলের আর্গুমেন্ট}}}$ $\therefore \lvert z_1z_2\rvert = \lvert z_1\rvert.\lvert z_2\rvert = r_1.r_2$ $\arg(z_1z_2) = \arg(z_1) + \arg(z_2)$ [যেমন, $\log_a(MN) = \log_a M + \log_a N$] $= \theta_1 + \theta_2$	$\frac{z_1}{z_2} = \underbrace{\frac{r_1}{r_2}}_{\text{ভাগফলের মডুলাস}}\, e^{\underbrace{i(\theta_1-\theta_2)}_{\text{ভাগফলের আর্গুমেন্ট}}}$ $\therefore \left\lvert\frac{z_1}{z_2}\right\rvert = \frac{\lvert z_1\rvert}{\lvert z_2\rvert} = \frac{r_1}{r_2}$ $\arg\left(\frac{z_1}{z_2}\right) = \arg(z_1) - \arg(z_2)$ [যেমন, $\log_a\left(\frac{M}{N}\right) = \log_a M - \log_a N$] $= \theta_1 - \theta_2$	$z^n = \underbrace{r^n}_{\text{n তম ঘাতের মডুলাস}}\, e^{i\,\underbrace{n\theta}_{\text{n তম ঘাতের আর্গুমেন্ট}}}$ $\therefore$ (i) $\lvert z^n\rvert = \lvert z\rvert^n = r^n$ (ii) $\arg(z^n) = n\arg(z)$ [যেমন, $\log_a M^N = \log_a M] = n\theta$

$z = r\cos\theta + i\,r\sin\theta = r(\cos\theta + i\sin\theta) = re^{i\theta}$; [অয়লারের সূত্র: $\cos\theta + i\sin\theta = e^{i\theta}$]

MCQ

01. $\frac{5-i}{2-3i}$ জটিল সংখ্যাটির আর্গুমেন্ট কত হবে? **[CU'23-24] [Ans: d]**

(a) π (b) $\frac{\pi}{2}$ (c) $\frac{2\pi}{3}$ (d) $\frac{\pi}{4}$

সমাধান: $\frac{5-i}{2-3i} = \frac{(5-i)(2+3i)}{(2-3i)(2+3i)} = \frac{10-2i+15i-3i^2}{2^2-3^2i^2} = \frac{10+13i+3}{4+9} = \frac{13+13i}{13} = 1+i$

$\therefore \arg\left(\frac{5-i}{2-3i}\right) = \arg(1+i) = \tan^{-1}\left\lvert\frac{1}{1}\right\rvert = \frac{\pi}{4}$

বিকল্প: আর্গুমেন্ট $= -\tan^{-1}\left\lvert-\frac{1}{5}\right\rvert - \left\{-\tan^{-1}\left\lvert-\frac{3}{2}\right\rvert\right\} = -\tan^{-1}\frac{1}{5} + \tan^{-1}\frac{3}{2} = \tan^{-1}\frac{\frac{3}{2}-\frac{1}{5}}{1+\frac{1}{5}\frac{3}{2}} = \tan^{-1}1 = \frac{\pi}{4}$

02. $-1+i$ এর আর্গুমেন্ট কোনটি? **[JU'23-24, 18-19, 14-15] [Ans: b]**

(a) $\frac{\pi}{4}$ (b) $\frac{3\pi}{4}$ (c) $\frac{5\pi}{4}$ (d) $\frac{7\pi}{4}$

সমাধান: $\arg(-1+i) = \pi - \tan^{-1}\left\lvert\frac{1}{-1}\right\rvert = \frac{3\pi}{4}$

03. $(3\sqrt{3}-3i)(-3\sqrt{3}+9i)$ এর মডুলাস =? **[GST'22-23] [Ans: c]**

(a) $54\sqrt{3}$ (b) $27\sqrt{3}$ (c) $36\sqrt{3}$ (d) $45\sqrt{3}$

সমাধান: $z_1 = 3\sqrt{3}-3i$ এর মডুলাস, $r_1 = \sqrt{(3\sqrt{3})^2 + (-3)^2} = 6$

$z_2 = -3\sqrt{3}+9i$ এর মডুলাস, $r_2 = \sqrt{(-3\sqrt{3})^2 + 9^2} = 6\sqrt{3}$

$\therefore z_1z_2$ এর মডুলাস, $r_1r_2 = 6\times 6\sqrt{3} = 36\sqrt{3}$

বিকল্প: $\lvert(3\sqrt{3}-3i)(-3\sqrt{3}+9i)\rvert = \lvert3(\sqrt{3}-i)\cdot 3\sqrt{3}(-1+\sqrt{3}i)\rvert$

$= 9\sqrt{3}\lvert(\sqrt{3}-i)(-1+\sqrt{3}i)\rvert = 9\sqrt{3}\lvert\sqrt{3}-i\rvert\lvert-1+\sqrt{3}i\rvert$

$= (9\sqrt{3})\sqrt{(\sqrt{3})^2+(-1)^2}\cdot\sqrt{(-1)^2+(\sqrt{3})^2} = 9\sqrt{3}\cdot 2\cdot 2 = 36\sqrt{3}$

04. $\frac{1+\sqrt{3}i}{\sqrt{3}+i}$ এর আর্গুমেন্ট কত? **[RU'22-23] [Ans: d]**

(a) $60°$ (b) $\tan^{-1}3$ (c) $30°$ (d) $45°$

সমাধান: $z = \frac{1+\sqrt{3}i}{\sqrt{3}+i} = \frac{(1+\sqrt{3}i)(\sqrt{3}-i)}{(\sqrt{3}+i)(\sqrt{3}-i)} = \frac{\sqrt{3}-i+3i+\sqrt{3}}{3+1} = \frac{2\sqrt{3}+2i}{4} = \frac{1}{2}(\sqrt{3}+i)$ (প্রথম চতুর্ভাগ)

$\therefore \arg(z) = \tan^{-1}\frac{\frac{1}{2}}{\frac{\sqrt{3}}{2}} = \tan^{-1}\frac{1}{\sqrt{3}} = 30°$

বিকল্প: $\arg\left(\frac{1+\sqrt{3}i}{\sqrt{3}+i}\right) = \arg(1+\sqrt{3}i) - \arg(\sqrt{3}+i) = 60° - 30° = 30°$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

05. $\frac{(i+1)^2}{(i-1)^4}$ জটিল সংখ্যাটির আর্গুমেন্ট হবে- [CU'22-23] [Ans: d]

(a) π (b) $-\pi$ (c) $\frac{\pi}{2}$ (d) $-\frac{\pi}{2}$

সমাধান: $\frac{(i+1)^2}{(i-1)^4} = \frac{(i^2+2i+1)}{(i^2-2i+1)(i^2-2i+1)} = \frac{2i}{(-2i)(-2i)} = \frac{2i}{-4} = -\frac{i}{2}$ ∴ আগুমেন্ট $= -\frac{\pi}{2}$



06. $\frac{i-2i^{-1}}{1-i^{-1}}$ এর মডুলাস ও আর্গুমেন্ট কত হবে? [RU'20-21] [Ans: a]

(a) $\frac{3}{\sqrt{2}}, \frac{\pi}{4}$ (b) $\frac{3}{\sqrt{2}}, -\frac{3\pi}{4}$ (c) $\frac{3}{\sqrt{2}}, \frac{-\pi}{4}$ (d) $\frac{3}{\sqrt{2}}, \frac{3\pi}{8}$

সমাধান: $\frac{i-\frac{2}{i}}{1-\frac{1}{i}} = \frac{-1-2}{i-1} = \frac{-3(i+1)}{(i-1)(i+1)} = \frac{-3(i+1)}{i^2-1} = \frac{-3(i+1)}{-1-1} = \frac{3}{2}(1+i)$

∴ আর্গুমেন্ট $= \tan^{-1}\frac{\frac{3}{2}}{\frac{3}{2}} = \frac{\pi}{4}$, মডুলাস $= \frac{3}{2}\sqrt{1^2+1^2} = \frac{3}{2}\sqrt{2} = \frac{3}{\sqrt{2}}$

বিকল্প: $\frac{i-2i^{-1}}{1-i^{-1}} = \frac{i+2i}{1+i} = \frac{3i}{1+i} = \frac{3i(1-i)}{(1+i)(1-i)} = \frac{3}{2}i(1-i) = \frac{3}{2}(1+i)$

07. $\frac{1+i}{1-i}$ এর পরম মান হলো- [DU'19-20] [Ans: b]

(a) 0 (b) 1 (c) $\sqrt{2}$ (d) i

সমাধান: $\frac{1+i}{1-i} = \frac{(1+i)^2}{(1-i)(1+i)} = \frac{1+2i-1}{2} = i$

∴ $\frac{1+i}{1-i}$ এর পরম মান $= \text{mod}(i) = \sqrt{0^2+1^2} = 1$

08. $-2i$ জটিল সংখ্যাটির আর্গুমেন্ট হবে- [RU'19-20] [Ans: b]

(a) 90° (b) 270° (c) 120° (d) 300°

সমাধান: $-2i = 0 - 2.i$ ∴ আর্গুমেন্ট $= -90°$ (মুখ্য আর্গুমেন্ট) অথবা 270° (সাধারণ আর্গুমেন্ট)



09. যদি $z_1 = 1 - i$, $z_2 = \sqrt{3} + i$ হয় তবে $\frac{z_2}{z_1}$ এর নতি- [DU'17-18] [Ans: a]

(a) $\frac{5\pi}{12}$ (b) $\frac{\pi}{6}$ (c) $-\frac{\pi}{4}$ (d) $-\frac{5\pi}{12}$

সমাধান: $\frac{z_2}{z_1} = \frac{\sqrt{3}+i}{1-i}$ ∴ $\frac{z_2}{z_1}$ এর নতি $= (z_2$ এর নতি$) - (z_1$ এর নতি$)$

$= \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right) - \tan^{-1}(-1) = \frac{\pi}{6} - \left(-\frac{\pi}{4}\right) = \frac{\pi}{6} + \frac{\pi}{4} = \frac{5\pi}{12}$

10. $z_1 = 1 + i$ এবং $z_2 = 2 + i$ হলে, $z_1 z_2$ এর মডুলাস- [RU'17-18] [Ans: d]

(a) $\tan^{-1} 2$ (b) $2\sqrt{5}$ (c) $5\sqrt{2}$ (d) $\sqrt{10}$

সমাধান: $\text{mod}(z_1 z_2) = \sqrt{2} \times \sqrt{5} = \sqrt{10}$; $[\text{mod}(z_1) = \sqrt{2}, \text{mod}(z_2) = \sqrt{5}]$

11. $1 - \frac{1}{1-\frac{1}{1+i}}$ এর মডুলাস ও আর্গুমেন্ট কোনটি? [KU'17-18] [Ans: b]

(a) 1, 0 (b) $1, \frac{\pi}{2}$ (c) $1, \pi$ (d) $1, \frac{3\pi}{2}$

সমাধান: $1 - \frac{1}{1-\frac{1}{1+i}} = 1 - \frac{1}{\frac{i}{1+i}} = 1 - \frac{1+i}{i} = \frac{-1}{i} = \frac{-i}{i^2} = \frac{-i}{-1} = i$

∴ মডুলাস $= \sqrt{0^2+(1)^2} = 1$ এবং আর্গুমেন্ট, $\theta = \tan^{-1}\left(\frac{1}{0}\right) = \frac{\pi}{2}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Written

01. $-1-i$ জটিল সংখ্যাটির মডুলাস ও আর্গুমেন্ট নির্ণয় কর। [RU'19-20]

সমাধান: $Z=-1-i \therefore$ মডুলাস $=\sqrt{(-1)^2+(-1)^2}=\sqrt{2}$

$\therefore$ আর্গুমেন্ট $=-\pi+\tan^{-1}\left(\frac{1}{1}\right)=-\pi+\frac{\pi}{4}=-\frac{3\pi}{4}$ **(Ans.)**

Type-03: মূল সংক্রান্ত

➲ **Formula & Concept:**

◆ বর্গমূল: $b>0$ হলে, $\left.\begin{matrix}\sqrt{a+ib}=\pm\frac{1}{\sqrt{2}}[\sqrt{r+a}+i\sqrt{r-a}]\\ \sqrt{a-ib}=\pm\frac{1}{\sqrt{2}}[\sqrt{r+a}-i\sqrt{r-a}]\end{matrix}\right\}$ যেখানে, $r=\sqrt{a^2+b^2}$

◆ ঘনমূল: এককের ঘনমূলত্রয় যথাক্রমে $1, \omega, \omega^2$; (a) $\omega^3=1$ (b) $1+\omega+\omega^2=0$

[যেখানে, $\omega=\frac{-1+\sqrt{3}i}{2}, \omega^2=\frac{-1-\sqrt{3}i}{2}$] $\sqrt[3]{\text{রাশি}}=x$ ধরে সমস্যাগুলোকে সমাধান করা যায়।

❖ **Shortcut:** ঘনমূল

$\sqrt[3]{a^3}=a, a\omega, a\omega^2$; $\sqrt[3]{-a^3}=-a, -a\omega, -a\omega^2$; $\sqrt[3]{a^3i}=-ai, -ai\omega, -ai\omega^2$; $\sqrt[3]{-a^3i}=ai, ai\omega, ai\omega^2$

◆ চতুর্মূল: $\sqrt[4]{\text{রাশি}}=x$ ধরে সমস্যাগুলোকে সমাধান করতে হবে।

❖ **Shortcut:** (চতুর্মূল)

➢ $\sqrt[4]{a^4}=\pm a, \pm ai$ ➢ $\sqrt[4]{-a^4}=\pm\frac{a}{\sqrt{2}}(1\pm i)$

◆ ষড়মূল: $\sqrt[6]{1}=\pm1, \pm\omega, \pm\omega^2$; $\sqrt[6]{\text{রাশি}}=x$ ধরে সমস্যাগুলোকে সমাধান করতে হবে।

❖ **Shortcut:** (ষড়মূল)

➢ $\sqrt[6]{a^6}=\pm a, \pm a\omega, \pm a\omega^2$ ➢ $\sqrt[6]{-a^6}=\pm ai, \pm ai\omega, \pm ai\omega^2$

MCQ

01. $-3-4i$ এর বর্গমূল হবে- [CU'22-23] [Ans: b]

(a) $\pm(2-i)$ (b) $\pm(1-2i)$ (c) $\frac{1}{\sqrt{2}}(1+i)$ (d) 1

সমাধান: $\left.\begin{matrix}\sqrt{x+iy}=\pm\frac{\sqrt{r+x}+i\sqrt{r-x}}{\sqrt{2}}\\ \sqrt{x-iy}=\pm\frac{\sqrt{r+x}-i\sqrt{r-x}}{\sqrt{2}}\end{matrix}\right\}$ যেখানে, $r=\sqrt{x^2+y^2}$ এবং $y>0$

প্রশ্নমতে, $x=-3, y=-4 \therefore r=\sqrt{x^2+y^2}=5$

$\therefore \sqrt{-3-4i}=\pm\frac{\sqrt{r+x}-i\sqrt{r-x}}{\sqrt{2}}=\pm\frac{\sqrt{5+(-3)}-i\sqrt{5-(-3)}}{\sqrt{2}}=\pm\frac{\sqrt{2}-i\sqrt{8}}{\sqrt{2}}=\pm\frac{\sqrt{2}-2\sqrt{2}i}{\sqrt{2}}=\pm\left(\frac{\sqrt{2}}{\sqrt{2}}-\frac{2\sqrt{2}i}{\sqrt{2}}\right)=\pm(1-2i)$

বিকল্প: $-3-4i=1-2\cdot1\cdot2i+2i^2=(1-2i)^2 \therefore \sqrt{-3-4i}=\pm(1-2i)$

02. যদি $z^2=5+12i$ হয় তবে z এর মান কত? [CU'21-22; 15-16] [Ans: d]

(a) $\pm4i$ (b) $\pm(1-2i)$ (c) $7i$ (d) $\pm(3+2i)$

সমাধান: $z^2=5+12i=9+12i-4=(3)^2+12i+(2i)^2=(3+2i)^2 \therefore z=\pm(3+2i)$

03. $x=\sqrt[3]{1}$ সমীকরণের মূল তিনটির গুণফল কত? [RU'19-20] [Ans: c]

(a) -1 (b) 0 (c) 1 (d) কোনটিই নয়

সমাধান: $x=\sqrt[3]{1}$ সমীকরণের তিনটি মূল $1, \omega, \omega^2 \therefore 1\times\omega\times\omega^2=\omega^3=1$

04. $\sqrt{2+8\sqrt{5}i}=?$ [JU'19-20] [Ans: a]

(a) $\pm(\sqrt{10}+\sqrt{8}i)$ (b) $\pm(\sqrt{8}+\sqrt{10}i)$ (c) $\pm(\sqrt{10}+\sqrt{2}i)$ (d) $\pm(\sqrt{10}+\sqrt{4}i)$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

সমাধান: $r = \sqrt{2^2 + (8\sqrt{5})^2} = 18$; $\sqrt{2 + 8\sqrt{5}} = \pm\frac{1}{\sqrt{2}}(\sqrt{r+2} + i\sqrt{r-2})$

$= \pm\frac{1}{\sqrt{2}}(\sqrt{18+2} + i\sqrt{18-2}) = \pm(\sqrt{10} + \sqrt{8}i)$

05. $-2i$ এর বর্গমূল কত? **[KU'19-20; JnU'17-18; JU'14-15; RU'07-08] [Ans: b]**

(a) $\pm(2-i)$ (b) $\pm(1-i)$ (c) $\pm(1+i)$ (d) $\pm(1-2i)$

সমাধান: $-2i = 1^2 + 2\cdot 1(-i) + (-i)^2 = (1-i)^2 \therefore \sqrt{-2i} = \pm(1-i)$

06. $\sqrt[4]{1}$ এর মান কত? **[RU'17-18] [Ans: a]**

(a) $i, -i, 1, -1$ (b) $i, -i, 2, -2$ (c) $i, -i, 3, -3$ (d) $1, -1, -2, 2$

সমাধান: ধরি, $\sqrt[4]{1} = x \Rightarrow x^4 = 1 \Rightarrow (x^2)^2 - 1^2 = 0 \Rightarrow (x^2+1)(x^2-1) = 0$

হয়, $x^2 - 1 = 0 \Rightarrow x = \pm 1$ | অথবা, $x^2 + 1 = 0 \Rightarrow x = \pm\sqrt{-1} \Rightarrow x = \pm i$

$\therefore \sqrt[4]{1} = 1, -1, i, -i$

Shortcut: $\sqrt[4]{a^4} = \pm a, \pm ai; \therefore \sqrt[4]{1} = \pm 1, \pm i$

07. i-এর বর্গমূল কোনটি? **[RU'14-15] [Ans: a]**

(a) $\pm\frac{\sqrt{2}}{1-i}$ (b) $\frac{1}{\sqrt{2}}(1-i)$ (c) $\pm\frac{\sqrt{2}}{1+i}$ (d) $\pm\sqrt{2}(1-i)$

সমাধান: $\frac{(1+i)^2}{2} = \frac{1+2i-1}{2} = \frac{2i}{2} = i \ \therefore i = \frac{(1+i)^2}{2} \Rightarrow \sqrt{i} = \pm\frac{1}{\sqrt{2}}(1+i) = \pm\frac{1}{\sqrt{2}}\frac{2}{1-i} = \pm\frac{\sqrt{2}}{1-i}$

বিকল্প: i এর মডুলাস, $r = 1$

$\therefore \sqrt{i} = \pm\frac{1}{\sqrt{2}}(\sqrt{1+0} + i\sqrt{1-0}) = \pm\frac{1}{\sqrt{2}}(1+i) = \pm\frac{1}{\sqrt{2}}\cdot\frac{(1+i)(1-i)}{(1-i)} = \pm\frac{1}{\sqrt{2}}\cdot\frac{1-i^2}{1-i} = \pm\frac{\sqrt{2}}{1-i}$

08. i-এর ঘনমূলগুলির দুইটির মান $\frac{1}{2}(i \pm \sqrt{3})$ হলে অপরটির মান- **[CU'14-15] [Ans: c]**

(a) i (b) 1 (c) $-i$ (d) -1

সমাধান: ধরি, $\sqrt[3]{i} = x \Rightarrow x^3 = i \Rightarrow x^3 + i^3 = 0 \Rightarrow (x+i)(x^2 - ix - 1) = 0 \therefore x = -i$

09. $\sqrt{i} + \sqrt{-i}$ এর মান কত? **[JnU'14-15, 11-12; RU'11-12, 10-11; CU'07-08] [Ans: d]**

(a) 2 (b) 1 (c) 0 (d) $\sqrt{2}$

সমাধান: $\sqrt{i} = \sqrt{\frac{2i}{2}} = \sqrt{\frac{(1+i)^2}{2}} = \frac{1+i}{\sqrt{2}}$; $\sqrt{-i} = \frac{1-i}{\sqrt{2}} \ \therefore \sqrt{i} + \sqrt{-i} = \frac{1+i+1-i}{\sqrt{2}} = \frac{2}{\sqrt{2}} = \sqrt{2}$

10. $\sqrt[4]{-64}$ এর মান কত? **[CU'11-12; RU'06-07] [Ans: b]**

(a) $2i(1 \pm i)$ (b) $\pm 2(1 \pm i)$ (c) $i^4(1 \pm i^2)$ (d) 1 ± 8

সমাধান: ধরি, $\sqrt[4]{-64} = x \Rightarrow x^4 = -64 \Rightarrow x^4 + 64 = 0 \Rightarrow (x^2)^2 - (8i)^2 = 0 \Rightarrow (x^2+8i)(x^2-8i) = 0$

$\therefore x^2 + 8i = 0 \Rightarrow x^2 - (2\sqrt{2}i)^2 = 0 \Rightarrow x = 2\sqrt{2}i, -2\sqrt{2}i$; যা প্রদত্ত সমীকরণকে সিদ্ধ করে না।

অথবা, $x^2 - 8i = 0 \Rightarrow x^2 = 8i \Rightarrow x = \pm\sqrt{8i} \Rightarrow x = \pm 2\sqrt{2}\sqrt{i} \Rightarrow x = \pm 2\sqrt{2}\left\{\frac{1}{\sqrt{2}}(1 \pm i)\right\}$

$\Rightarrow x = \pm 2(1 \pm i)$ এখানে, $\sqrt{i} = \frac{1 \pm i}{\sqrt{2}} \therefore \sqrt[4]{-64} = \pm 2(1 \pm i)$

বিকল্প: $\sqrt[4]{-64} = \sqrt{\pm 8i} = \pm 2\sqrt{2}\left(\frac{1 \pm i}{\sqrt{2}}\right) = \pm 2(1 \pm i)$

Shortcut: $\sqrt[4]{-64} = \sqrt[4]{-(2\sqrt{2})^4} = \pm\frac{2\sqrt{2}}{\sqrt{2}}(1 \pm i) = \pm 2(1 \pm i)$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Type-04: i এর ঘাতের মান নির্ণয় এবং ধারা সংক্রান্ত

১ **Formula & Concept:**

(i) $i^{4n+1} = i^1 = i$, $i^{4n+2} = i^2 = -1$, $i^{4n+3} = i^3 = -i$, $i^{4n} = i^4 = 1$, $i^{-1} = \frac{1}{i} = -i$

(ii) a, b, c, d চারটি ক্রমিক পূর্ণ সংখ্যা হলে, $i^a + i^b + i^c + i^d = 0$

(iii) a ও b দুইটি ক্রমিক বিজোড় সংখ্যা হলে, $i^a + i^b = 0$

(iv) a ও b দুইটি ক্রমিক জোড় সংখ্যা হলে, $i^a + i^b = 0$

Scanned with OKEN Scanner
CamScanner

MCQ

01. $i = \sqrt{-1}$ হলে $1 + i + i^2 + i^3 + \ldots\ldots\ldots + i^{39}$ এর মান কত? [GST'23-24] [Ans: c]

(a) 1 (b) -1 (c) 0 (d) i

সমাধান: এখানে, $1 + i + i^2 + i^3 + i^4 + \ldots\ldots\ldots + i^{39}$

$i^0 + i^1 + i^2 + i^3 + \ldots\ldots\ldots + i^{39}$

পদ সংখ্যা, $n = \frac{39-0}{1} + 1 = 40$ ∴ 4টি করে পদ যোগ করলে 0 আসবে। 40টি পদের যোগফল 0।

02. $i^2 = -1$ হলে $\sum_{k=0}^{100} i^k$এর মান কোনটি? [RU'23-24] [Ans: a]

(a) 1 (b) $-i$ (c) i (d) 0

সমাধান: $i^2 = -1; \sum_{k=0}^{k=100} i^k = i^0 + i^1 + i^2 + \ldots\ldots\ldots + i^{100} = 1 + i + i^2 + \ldots\ldots\ldots + i^{100}$

$= 1; [\because i + i^2 + \ldots\ldots\ldots + i^{100} = 0]$

03. $i^2 = -1$ হলে, $\frac{i-i^{-1}}{i+2i^{-1}}$ এর মান কত? [RU'22-23, 21-22; DU'14-15; Agri.'20-21] [Ans: a]

(a) -2 (b) 2 (c) 1 (d) -1

সমাধান: $\frac{i-i^{-1}}{i+2i^{-1}} = \frac{i-\frac{1}{i}}{i+\frac{2}{i}} = \frac{i^2-1}{i^2+2} = \frac{-1-1}{-1+2} = -2$

বিকল্প: $\frac{i-i^{-1}}{i+2i^{-1}} = \frac{i+i}{i-2i} = \frac{2i}{-i} = -2$

04. যদি $i^2 = -1$ হয়, $i + i^2 + i^3 + \cdots + i^{23}$ এর মান কত? [Agri.'20-21] [Ans: a]

(a) -1 (b) i (c) $-i$ (d) 1

সমাধান: $i + i^2 + i^3 + \cdots + i^{23} = \underbrace{1 + i + i^2 + i^3 + \cdots + i^{23}}_{\text{এর মান}=0} - 1 = -1$

05. i^{4n+3} এর মান কোনটি? [JU'18-19] [Ans: b]

(a) -1 (b) $-i$ (c) 1 (d) i

সমাধান: $i^{4n+3} = i^{4n} \cdot i^3 = (i^4)^n \cdot (-i) = 1^n \cdot (-i) = -i$

06. $\sqrt{-16} \times \sqrt{-1}$ = কোনটি? [JU'16-17] [Ans: b]

(a) 4 (b) -4 (c) ± 4 (d) 4i

সমাধান: $\sqrt{-16} \times \sqrt{-1} = 4i \times i = -4$

Type-05: ω এর ঘাতের মান নির্ণয় এবং ω এর ধারা সংক্রান্ত

➲ **Formula & Concept:**

(i) $\omega^{3n+1} = \omega^{3n} \cdot \omega^1 = (\omega^3)^n \cdot \omega^1 = 1^n \cdot \omega = \omega$

(ii) $\omega^{3n+2} = \omega^{3n} \cdot \omega^2 = 1 \cdot \omega^2 = \omega^2$

(iii) $\omega^{3n} = (\omega^3)^n = 1^n = 1$

∴ ω এর ঘাতকে 3 দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকলে ω এর ঘাতের মান = $\omega^{\text{ভাগশেষ}}$

অর্থাৎ, $\omega^p = \omega^q$ [যখন, q হলো p কে 3 দ্বারা ভাগ করলে ভাগশেষ]

আবার, $1 + \omega + \omega^2 = 0$

অর্থাৎ, a, b, c তিনটি ক্রমিক সংখ্যা হলে, $\omega^a + \omega^b + \omega^c = 0$

MCQ

01. যদি $\alpha = \frac{-1+\sqrt{-3}}{2}$ এবং $\beta = \frac{-1-\sqrt{-3}}{2}$ হয়, তবে এদের সম্পর্ক কী? [GST'21-22] [Ans: b]

(a) $\alpha = -\beta^2$ (b) $\alpha = \beta^2$ (c) $\alpha^3 = 1 - \beta^3$ (d) $\alpha^3 = 1 + \beta^3$

সমাধান: আমরা জানি, 1 এর জটিল ঘনমূলদ্বয় $\frac{-1\pm\sqrt{-3}}{2}$. এখানে, $\alpha = \frac{-1+\sqrt{-3}}{2} = \omega$ হলে, $\beta = \frac{-1-\sqrt{-3}}{2} = \omega^2$

এখন, $\beta^2 = (\omega^2)^2 = \omega^4 = \omega^3 \cdot \omega = 1 \cdot \omega = \omega = \alpha \therefore \alpha = \beta^2$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

02. এককের একটি কাল্পনিক ঘনমূল ω হলে $1+\omega^2+\omega^4+\cdots+\omega^{16}$ এর মান হবে- [RU'19-20] [Ans: a]
(a) 0 (b) 1 (c) -1 (d) ω^2
সমাধান: $1+\omega^2+\omega^4+\omega^6+\omega^8+\omega^{10}+\omega^{12}+\omega^{14}+\omega^{16}$
$=1+\omega^2+\omega+1+\omega^2+\omega+1+\omega^2+\omega=0+0+0=0$ $[1+\omega+\omega^2=0]$

Type-06: ω যুক্ত রাশির মান নির্ণয় সংক্রান্ত সমস্যা

Formula & Concept: $\omega=\frac{-1+\sqrt{3}i}{2}$, $\omega^2=\frac{-1-\sqrt{3}i}{2}$ [যেখানে, ω এবং ω^2 হলো এককের দুইটি জটিল ঘনমূল]
- $\omega^3=1$
- $1+\omega+\omega^2=0$
- $\omega^{3n+x}=\omega^{3n}\cdot\omega^x=\omega^x$

MCQ

01. 1 এর একটি জটিল ঘনমূল ω হলে, $\omega^{16}+\omega^{32}=?$ [DU'23-24] [Ans: c]
(a) 1 (b) 2 (c) -1 (d) -2
সমাধান: এখানে, 1 এর একটি ঘনমূল ω; এখন, $\omega^{16}+\omega^{32}=\omega^{15}\cdot\omega^1+\omega^{30}\cdot\omega^2$
$=(\omega^3)^5\cdot\omega^1+(\omega^3)^{10}\cdot\omega^2=1^5\cdot\omega+1^{10}\cdot\omega^2=\omega+\omega^2=-1$; [$\because 1+\omega+\omega^2=0$ এবং $\omega^3=1$]
বিকল্প: $\omega^{16}+\omega^{32}=\omega^1+\omega^2=-1$; [এখানে, ω এর ঘাতে থাকা 3 এর গুণিতক সংখ্যাগুলো কেটে দিতে পারি।]

02. $1+\omega^{19999}+\omega^{15558}=?$ [GST'23-24] [Ans: d]
(a) 0 (b) -1 (c) $1+2\omega$ (d) $2+\omega$
সমাধান: $1+\omega^{19999}+\omega^{15558}=1+\omega^{19998+1}+\omega^{15558}=1+\omega^{19998}\cdot\omega+\omega^{15558}$
$=1+(\omega^3)^{6666}\cdot\omega+(\omega^3)^{5186}=1+1\cdot\omega+1=2+\omega$
Shortcut: ω এর ঘাত এ 3 ও 3 এর গুণিতক এবং যাদের যোগ করলে 3 বা 3 এর গুণিতক হয় তাদের কেটে দিতে হবে।
তাহলে, $\omega^{19999}=\omega^1$ এবং $\omega^{15558}=\omega^0=1[\because 1+5+5+5+8=24]$
$\therefore 1+\omega^{19999}+\omega^{15558}=1+\omega+1=2+\omega$

03. ω এককের একটি কাল্পনিক ঘনমূল হলে, $(1+\omega)^3$ এর মান কত? [RU'22-23] [Ans: b]
(a) 1 (b) -1 (c) $-\omega^2$ (d) ω^2
সমাধান: $(1+\omega)^3=(-\omega^2)^3=-(\omega^6)=-1$; [$\because$ যেহেতু $\omega^3=1$]

04. ω যদি এককের একটি জটিল ঘনমূল হয়, তবে $(1-\omega+\omega^2)(1-\omega^2+\omega^4)$ এর মান কোনটি? [JU'22-23] [Ans: a]
(a) 4 (b) 6 (c) 3 (d) 2
সমাধান: $(1-\omega+\omega^2)(1-\omega+\omega^4)=\{(1+\omega^2)-\omega\}\{(1+\omega^3\cdot\omega)-\omega^2\}$
$=(-\omega-\omega)\{(1+\omega)-\omega^2\}=-2\omega(-\omega^2-\omega^2)=(-2\omega)(-2\omega^2)=4\omega^3=4$

05. অসমান x ও y এর যে কোনো একটির বর্গ অপরটির সমান হলে সম্পর্কটি- [GST'21-22] [Ans: d]
(a) $x=y-1$ (b) $x=y+2$ (c) $x=-y+2$ (d) $x=-y-1$
সমাধান: আমরা জানি, এককের জটিল ঘনমূলদ্বয় হলো ω ও ω^2। অর্থাৎ, একে অপরের বর্গ, তাই x ও y মূলত ω ও ω^2 কে নির্দেশ করে। আমরা জানি, $\omega+\omega^2+1=0\Rightarrow x+y+1=0\therefore x=-y-1$

06. $x=\frac{1}{2}(-1+\sqrt{-3})$ এবং $y=\frac{1}{2}(-1-\sqrt{-3})$ হলে, x^2+xy+y^2 এর মান- [DU'18-19] [Ans: a]
(a) 0 (b) 2 (c) $1+\sqrt{3}$ (d) 1
সমাধান: $x=\omega,\ y=\omega^2\ \therefore x^2+xy+y^2=\omega^2+\omega^3+\omega^4=\omega^2+1+\omega=0$

07. এককের একটি কাল্পনিক ঘনমূল ω হলে, $(1-\omega)(1-\omega^2)(1-\omega^4)(1-\omega^8)$ এর মান- [DU'15-16; RU'06-07] [Ans: d]
(a) 18 (b) 6 (c) -9 (d) 9
সমাধান: $(1-\omega)(1-\omega^2)(1-\omega^4)(1-\omega^8)=(1-\omega)(1-\omega^2)(1-\omega)(1-\omega^2)$
$=\{(1-\omega)(1-\omega^2)\}^2=(1-\omega-\omega^2+\omega^3)^2=(1-(\omega+\omega^2)+1)^2=(1+1+1)^2=9$; [$\because \omega+\omega^2=-1$]

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Type-07: শর্তাধীনে মান নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

এক্ষেত্রে জটিল সংখ্যার ধর্মগুলো ব্যবহার করতে হবে।

♦ জটিল সংখ্যার ধর্ম:

(i) $x + iy = 0$ হলে, $x = 0, y = 0$

(ii) দুইটি জটিল সংখ্যা $x_1 + iy_1$ ও $x_2 + iy_2$ সমান হবে যদি ও কেবল যদি $x_1 = x_2$ ও $y_1 = y_2$ হয়।

(iii) দুইটি অনুবন্ধী জটিল সংখ্যা $x + iy$ ও $x - iy$ এর সমষ্টি এবং গুণফল বাস্তব সংখ্যা।

(iv) অনুবন্ধী নয় এরূপ দুইটি জটিল সংখ্যা $x_1 + iy_1$ ও $x_2 + iy_2$ $(y_1 \neq -y_2)$ এর সমষ্টি, বিয়োগফল, গুণফল এবং ভাগফল প্রত্যেকটিই জটিল সংখ্যা হবে।

(v) $z = x + iy$ জটিল সংখ্যা এবং n ধনাত্মক পূর্ণসংখ্যা হলে z^n জটিল সংখ্যা হবে।

♦ অনুবন্ধী জটিল সংখ্যার কিছু ধর্ম:

(i) $\overline{z_1 z_2} = \bar{z}_1 \bar{z}_2$ (ii) $\overline{\left(\frac{z_1}{z_2}\right)} = \frac{\bar{z}_1}{\bar{z}_2}$ (iii) $\overline{z^n} = (\bar{z})^n$

(iv) $\overline{z_1 + z_2} = \bar{z}_1 + \bar{z}_2$ (v) $\overline{z_1 - z_2} = \bar{z}_1 - \bar{z}_2$

MCQ

01. $(1 + i)(x + iy) = 2 + 4i$ হলে, '5x' এর মান কোনটি? **[CU'23-24] [Ans: d]**

(a) 11 (b) 13 (c) 14 (d) 15

সমাধান: $x + iy = \frac{2+4i}{1+i} = \frac{(2+4i)(1-i)}{(1+i)(1-i)} = \frac{2+4i-2i-4i^2}{1-i^2} = \frac{2+2i+4}{1+1} = \frac{6+2i}{2} = 3 + i$

$\therefore (x, y) = (3, 1) \therefore 5x = 3 \times 5 = 15$

02. $i = \sqrt{2}y - 1$ হলে $y^8 =$ কোনটি? **[RU'23-24] [Ans: d]**

(a) i (b) $-i$ (c) -1 (d) 1

সমাধান: $i = \sqrt{2}y - 1 \Rightarrow y = \frac{1+i}{\sqrt{2}} \Rightarrow y^2 = \frac{(1+i)^2}{2} \Rightarrow y^2 = \frac{1+2i+i^2}{2} \Rightarrow y^2 = \frac{1+2i-1}{2} \Rightarrow y^2 = i$

$\therefore y^8 = (y^2)^4 = i^4 = 1$

03. $x + iy = \sqrt{\frac{p+iq}{r+iq}}$ হলে, $(x^2 + y^2)^2 =$ কত? **[RU'22-23] [Ans: c]**

(a) $\frac{p^2-q^2}{r^2+q^2}$ (b) $\frac{p^2+q^2}{r^2-q^2}$ (c) $\frac{p^2+q^2}{r^2+q^2}$ (d) $\frac{p^2-q^2}{r^2-q^2}$

সমাধান: $|x + iy| = \left|\sqrt{\frac{p+iq}{r+iq}}\right| \Rightarrow \sqrt{x^2 + y^2} = \left(\frac{\sqrt{p^2+q^2}}{\sqrt{r^2+q^2}}\right)^{\frac{1}{2}} \Rightarrow (x^2 + y^2)^2 = \frac{p^2+q^2}{r^2+q^2}$

04. $\sqrt{p + 4i} = q + i$ হলে, $p - q$ এর মান কত? **[GST'20-21] [Ans: b]**

(a) 0 (b) 1 (c) 3 (d) 5

সমাধান: $\sqrt{p + 4i} = q + i \Rightarrow p + 4i = (q + i)^2 = q^2 + i^2 + 2qi \Rightarrow p + 4i = q^2 - 1 + i \cdot 2q$

এখন, $2q = 4 \Rightarrow q = 2$; $p = q^2 - 1 = 2^2 - 1 = 3 \therefore p - q = 3 - 2 = 1$

05. $z = 8 + 3i$ হলে, $z + \bar{z}$ এর মান কত? **[JU'19-20] [Ans: c]**

(a) 8 (b) 12 (c) 16 (d) 20

সমাধান: এখানে, $z = 8 + 3i \therefore \bar{z} = 8 - 3i \therefore z + \bar{z} = 8 + 3i + 8 - 3i = 16$

06. $a + ib = 4 - i$ হলে, $a^2 - b^2$ এর মান কত? **[JU'19-20] [Ans: d]**

(a) 11 (b) 12 (c) 13 (d) 15

সমাধান: $a = 4$; $b = -1 \because a^2 - b^2 = 4^2 - (-1)^2 = 16 - 1 = 15$; [সহগ সমীকৃত করে]

07. যদি $\frac{1}{a+i} = \frac{i}{a-i}$ হয়, তবে a এর মান কত? **[DU'16-17] [Ans: c]**

(a) 1 (b) $\frac{i}{2}$ (c) -1 (d) $-\frac{i}{2}$

সমাধান: $\frac{1}{a+i} = \frac{i}{a-i} \Rightarrow a - i = ia + i^2 \Rightarrow a - i = -1 + ai$, বাস্তব অংশের সহগ সমীকৃত করে, $a = -1$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

08. $1 + x^2C^2 = 0$ হলে, C এর মান কত? [CU'16-17] [Ans: c]

(a) $ix, \frac{i}{x}$ (b) $\pm\frac{1}{x}$ (c) $\pm\frac{i}{x}$ (d) $\pm ix$

সমাধান: $C^2 = \frac{-1}{x^2} = \left(\frac{i}{x}\right)^2 \therefore C = \pm\frac{i}{x}$

09. $z_1 = a + ib$ হলে, z এর কোন মানের জন্য $z_1 z = 1$ হবে? [CU'16-17] [Ans: b]

(a) $\frac{1}{a^2+b^2}(a+ib)$ (b) $\frac{1}{|a+ib|^2}(a-ib)$ (c) $\frac{1}{|a+ib|}(a-ib)$ (d) $\frac{a}{a^2+b^2} \pm \frac{b}{a^2+b^2}$

সমাধান: $z_1 z = 1$; $z = \frac{1}{z_1} = \frac{1}{a+ib} = \frac{a-ib}{a^2+b^2} = \frac{1}{|a+ib|^2}(a-ib)$

10. $x = -1 + i\sqrt{2}$ হলে, $x^4 + 4x^3 + 6x^2 + 4x = ?$ [RU'15-16] [Ans: a]

(a) 3 (b) 5 (c) 7 (d) 1

সমাধান: $x = -1 + i\sqrt{2} \Rightarrow x + 1 = i\sqrt{2} \Rightarrow x^2 + 2x + 1 = -2 \Rightarrow x^2 + 2x + 3 = 0$

এখন, $x^4 + 4x^3 + 6x^2 + 4x = x^2(x^2 + 2x + 3) + 2x(x^2 + 2x + 3) - (x^2 + 2x + 3) + 3$

$= x^2 \times 0 + 2x \times 0 - 0 + 3 = 3$

11. $\frac{1-ix}{1+ix} = a - ib$ এবং x, a ও b বাস্তব হলে, নিচের কোনটি সঠিক? [RU'15-16] [Ans: a]

(a) $a^2 + b^2 = 1$ (b) $a^2 - b^2 = 1$ (c) $a^2 + b^2 = -1$ (d) $a^2 + b^2 = 0$

সমাধান: $\frac{1-ix}{1+ix} = a - ib \Rightarrow \left|\frac{1-ix}{1+ix}\right| = |a - ib| \Rightarrow \frac{\sqrt{1^2+(-1)^2}}{\sqrt{1^2+1^2}} = \sqrt{a^2 + b^2} \therefore a^2 + b^2 = 1$

12. $\sqrt[3]{x + iy} = p + iq$ হলে, কোনটি সত্য? [RU'14-15] [Ans: b]

(a) $4(p^2 + q^2) = \frac{x}{p} + \frac{y}{q}$ (b) $4(p^2 - q^2) = \frac{x}{p} + \frac{y}{q}$ (c) $4(p^2 - q^2) = \frac{x}{p} - \frac{y}{q}$ (d) $4(p^2 + q^2) = \frac{x}{p^2} + \frac{y}{q^2}$

সমাধান: $\sqrt[3]{x + iy} = p + iq \Rightarrow x + iy = p^3 + 3p^2 \cdot iq - 3pq^2 - iq^3$

$\Rightarrow x + iy = (p^3 - 3pq^2) + i(3p^2q - q^3) \therefore x = p^3 - 3pq^2$

$y = 3p^2q - q^3 \Rightarrow \frac{x}{p} = p^2 - 3q^2 \ldots\ldots\ldots (i) \Rightarrow \frac{y}{q} = 3p^2 - q^2 \ldots\ldots\ldots (ii)$

(i) ও (ii) যোগ করে, $\frac{x}{p} + \frac{y}{q} = 4(p^2 - q^2)$

Type-08: জটিল সংখ্যাভিত্তিক সঞ্চারপথ সংক্রান্ত

➲ **Formula & Concept:**

$z = x + iy$ কোনো জটিল সংখ্যা হলে-

$|z| = \sqrt{x^2 + y^2} \rightarrow (0, 0)$ বিন্দু হতে (x, y) বিন্দুর দূরত্ব।

$|z - 3| = |x + iy - 3| = \sqrt{(x-3)^2 + y^2} \rightarrow (3, 0)$ বিন্দু হতে (x, y) বিন্দুর দূরত্ব।

(i) $|z + a| = |z + b|$ সরলরেখা নির্দেশ করে।

(ii) $|z + a| = k$ বৃত্ত নির্দেশ করে।

(iii) $|az + k_1| = |bz + k_2|$ বৃত্ত নির্দেশ করে।

(iv) $\left|\frac{z+a}{z+b}\right| = k$; $k = 1$ হলে সরলরেখা নির্দেশ করে।

(v) $z\bar{z} = 0$ বিন্দু বৃত্ত নির্দেশ করে এবং $z\bar{z} = k$ বৃত্ত নির্দেশ করে।

(vi) $|z - a| + |z - b| = k$; যদি $|a - b| < k$ তাহলে এটি উপবৃত্ত নির্দেশ করে। ; [k = প্রধান অক্ষের বা বৃহৎ অক্ষের দৈর্ঘ্য]

(vii) $|z - a| - |z - b| = k$; যদি $|a - b| > k$ তাহলে এটি অধিবৃত্ত নির্দেশ করে। ; [যেখানে a, b, k হলো বাস্তব ধ্রুবক সংখ্যা এবং k = আড় অক্ষের দৈর্ঘ্য]

- $|z + a| + |z - a| = 2b$ উপবৃত্তের সমীকরণ হবে যদি $a < b$ হয়।
- $|z + a| - |z - a| = 2b$ অধিবৃত্তের সমীকরণ হবে যদি $a > b$ হয়।

এদের উপকেন্দ্র $(\pm a, 0)$, বৃহৎ/আড় অক্ষের দৈর্ঘ্য $= 2a$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

MCQ

01. $|z-3|=1$ দ্বারা প্রকাশিত বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ কত? [CU'22-23] [Ans: c]

(a) (5,0), 3 একক (b) (0,0), 1 একক (c) (3,0), 1 একক (d) কোনটিই নয়

সমাধান: $|z-3|=1 \Rightarrow |(x-3)+iy|=1$ [যেখানে $z=x+iy$] $\Rightarrow \sqrt{(x-3)^2+y^2}=1$

$\therefore (x-3)^2+(y-0)^2=1^2$ অর্থাৎ, কেন্দ্র (3,0) এবং ব্যাসার্ধ 1 একক।

Shortcut: $|z+a|=k$ দ্বারা প্রকাশিত বৃত্তের ক্ষেত্রে- $|(x+a)+iy|=k \Rightarrow \sqrt{(x+a)^2+y^2}=k^2$

$\Rightarrow (x+a)^2+(y-0)^2=k^2$ অর্থাৎ, কেন্দ্র হবে $(-a,0)$ এবং ব্যাসার্ধ হবে k

$|z-3|=1$ এর জন্য $a=-3$ এবং $k=1$

অর্থাৎ, কেন্দ্র (3,0) এবং ব্যাসার্ধ 1 একক

02. যদি $z=x+iy$ হয়, তবে $|2z-1|=|z-2|$ দ্বারা নির্দেশিত সঞ্চারপথের সমীকরণ হবে কোনটি? [KU'19-20] [Ans: c]

(a) অধিবৃত্ত (b) উপবৃত্ত (c) একক বৃত্ত (d) পরাবৃত্ত

সমাধান: $z=x+iy \therefore |2z-1|=|z-2| \Rightarrow |2(x+iy)-1|=|x+iy-2|$

$\Rightarrow \sqrt{(2x-1)^2+(2y)^2}=\sqrt{(x-2)^2+y^2} \Rightarrow 4x^2+1-4x+4y^2=x^2+4+y^2-4x$

$\Rightarrow 3x^2+3y^2=3 \therefore x^2+y^2=1 \therefore$ সমীকরণটি একক বৃত্তের, কারণ ব্যাসার্ধ 1 একক।

Shortcut: কোনো জটিল সংখ্যা $z=x+iy$ এর জন্য $|az+k_1|=|bz+k_2|$ সর্বদা বৃত্ত নির্দেশ করে।

03. যদি $z=x+iy$ হয়, তবে $|z+i|=|\bar{z}+2|$ দ্বারা নির্দেশিত সঞ্চারপথের নাম কি হবে? [KU'18-19] [Ans: a]

(a) সরলরেখা (b) বৃত্ত (c) উপবৃত্ত (d) অধিবৃত্ত

সমাধান: $|z+i|=|\bar{z}+2| \Rightarrow |x+iy+i|=|x-iy+i| \Rightarrow |x+i(y+1)|=|x-i(y+1)|$

$\Rightarrow \sqrt{x^2+(y+1)^2}=\sqrt{(x+2)^2+y^2} \Rightarrow x^2+y^2+2y+1=x^2+4x+4+y^2$

$\Rightarrow 4x-2y+3=0$; যা সরলরেখার সঞ্চারপথ নির্দেশ করে।

04. $z=x+iy$ হলে, $|z-5|+|z+5|=16$ নির্দেশ করে- [DU'16-17; RU'13-14] [Ans: d]

(a) বৃত্ত (b) পরাবৃত্ত (c) অধিবৃত্ত (d) উপবৃত্ত

সমাধান: $|z-5|+|z+5|=16$ একটি বক্ররেখা যার প্রতিটি বিন্দুর $(-5,0)$ ও $(5,0)$ বিন্দু থেকে দূরত্বের যোগফল 16। কাজেই এটি একটি উপবৃত্ত যার উপকেন্দ্রদ্বয় $(\pm 5,0)$ ও বৃহদাক্ষের দৈর্ঘ্য 16 একক।

Shortcut: $|z-a|+|z+a|=2b$ হলে এবং $a<b$ হলে এটি উপবৃত্ত নির্দেশ করে।

$|z-5|+|z+5|=16$ সমীকরণে $a=5, b=8$

$\because 5<8 \therefore$ এটি উপবৃত্ত নির্দেশ করে।

05. যদি $z=x+iy$ হয়, তাহলে $z\bar{z}=1$ সমীকরণটি হবে- [RU'16-17, 09-10; CU'06-07] [Ans: a]

(a) বৃত্ত (b) সরলরেখা (c) বিন্দু বৃত্ত (d) পরাবৃত্ত

সমাধান: $z\bar{z}=(x+iy)(x-iy)=x^2+y^2=1$ একটি বৃত্তের সমীকরণ।

"যখন সবকিছু আপনার বিরুদ্ধে যাচ্ছে বলে মনে হবে, মাথায় রাখবেন- উড়োজাহাজ বাতাসের প্রতিকূলেই উড্ডয়ন করে, অনুকূলে নয়।"
-Henry Ford

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
Scanned with OKEN Scanner
CamScanner

অধ্যায় ০৪

বহুপদী ও বহুপদী সমীকরণ

➤ ভার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
✪	T-01	দ্বিঘাত সমীকরণের মূল নির্ণয় সংক্রান্ত	2	-	JU'14-15; JnU'14-15	-
✪✪✪	T-02	নিশ্চায়ক সম্পর্কিত সমস্যা	15	-	DU' 21-22; GST'22-23; RU'21-22, 14-15, 08-09; CU'23-24, 21-22 18-19; JU'23-24, 22-23, 18-19, 16-17, 14-15; Agri.'21-22, 19-20	-
✪✪✪	T-03	মূলদ্বয়ের মধ্যবর্তী সম্পর্ক হতে মান নির্ণয় সম্পর্কিত	32	3	DU'23-24, 15-16; GST'23-24, 20-21; RU'23-24, 21-22, 20-21, 17-18, 09-10, 08-09; CU'21-22, 20-21, 16-17, 14-15, 13-14; JU'21-22, 20-21, 19-20, 18-19, 17-18, 16-17, 14-15; Agri.' 19-20; SUST'19-20; KU'19-20, 18-19; JnU'13-14	DU'23-24, 21-22, 20-21
✪✪✪	T-04	মূল হতে সমীকরণ গঠন সম্পর্কিত সমস্যা	7	-	DU'13-14; RU'23-24, 20-21, 13-14; CU'22-23; JU'21-22,	-
✪	T-05	মূলদ্বয়ের অন্তর সংক্রান্ত	1	-	RU'15-16	-
✪✪✪	T-06	প্রতিসম রাশির মান নির্ণয় সম্পর্কিত সমস্যা	9	1	DU'20-21, 16-17; RU'23-24, 22-23, 17-18; CU'22-23; JU'19-20, 15-16; Agri.'20-21	CU'12-13
✪✪✪	T-07	প্রতিসম মূলবিশিষ্ট সমীকরণ নির্ণয়	4	1	DU'18-19; RU'22-23, 21-22; JU'21-22	DU'22-23
✪✪✪	T-08	সাধারণ মূল সংক্রান্ত	7	-	GST'23-24; RU'14-15, 08-09; CU'23-24, 16-17; JU'12-13, 10-11	-
✪✪	T-09	একটি লেখচিত্র অক্ষদ্বয়কে কয়টি বিন্দুতে ছেদ করবে তা সংক্রান্ত	2	-	DU'18-19; GST'21-22	-
✪✪✪	T-10	দ্বিঘাত বহুপদী ফাংশনের সর্বোচ্চ/সর্বনিম্ন মান সংক্রান্ত	3	1	RU'23-24, 21-22; JU'23-24	RU'12-13
✪✪✪	T-11	বিবিধ	8	-	RU'23-24, 22-23, 17-18; CU'16-17; JU'23-24, 19-20, 17-18	-

POLE MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Type-01: দ্বিঘাত সমীকরণের মূল নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

$ax^2 + bx + c = 0$ কোনো দ্বিঘাত সমীকরণ হলে এর মূলদ্বয় হবে, $x = \frac{-b \pm \sqrt{b^2-4ac}}{2a}$

MCQ

01. $x^2 - 10x + 34 = 0$ সমীকরণের মূলগুলো হলো- **[JU'14-15] [Ans: d]**

(a) $3 \pm i$ (b) $5 \pm i$ (c) $5 \pm 2i$ (d) $5 \pm 3i$

সমাধান: $x^2 - 10x + 34 = 0$; $\alpha = \frac{10+\sqrt{(10)^2-4\cdot1\cdot34}}{2} = 5 + 3i$

$\beta = \frac{10-\sqrt{(-10)^2-4\cdot34}}{2} = 5 - 3i$ [এক্ষেত্রে ১টি মূল বের করলেই অপরটি পাওয়া যায় (একে অপরের অনুবন্ধী)]

02. $9x^2 - 12x + 4 = 0$ দ্বিঘাত সমীকরণের মূলদ্বয় α, β হলে মূলদ্বয়ের অনুপাত $(\alpha : \beta)$ কত? **[JnU'14-15] [Ans: c]**

(a) 4 : 9 (b) 3 : 2 (c) 1 : 1 (d) 4 : 3

সমাধান: $9x^2 - 12x + 4 = 0$ এখানে, $\alpha = \frac{-(-12)-\sqrt{(-12)^2-4\cdot9\cdot4}}{2\cdot9} \Rightarrow \alpha = \frac{2}{3}, \beta = \frac{-(-12)+\sqrt{(-12)^2-4\cdot9\cdot4}}{2\cdot9}$

$\Rightarrow \beta = \frac{2}{3} \therefore \frac{\alpha}{\beta} = \frac{\frac{2}{3}}{\frac{2}{3}} = 1 : 1$

Shortcut: নিশ্চায়ক, $D = (-12)^2 - 4 \cdot 9 \cdot 4 = 144 - 144 = 0$

নিশ্চায়ক শূন্য হওয়ায় মূল দুটি সমান। সুতরাং এদের অনুপাত হবে 1 : 1।

Type-02: নিশ্চায়ক সম্পর্কিত সমস্যা

➲ **Formula & Concept:**

$ax^2 + bx + c = 0$ এর নিশ্চায়ক, $\boxed{D = b^2 - 4ac}$



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

MCQ

01. k এর মান কত হলে $x^2 + kx + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় জটিল হবে? **[CU'23-24; Agri.'21-22; JU'14-15]**

(a) $-4 < k$ (b) $-1 < k < 1$ (c) $-2 < k < 2$ (d) $0 < k < 1$ **[Ans: c]**

সমাধান: সমীকরণটির নিশ্চায়ক $= k^2 - 4$ জটিল মূলের জন্য, $k^2 - 4 < 0 \Rightarrow k^2 < 4 \Rightarrow |k| < 2 \therefore -2 < k < 2$

02. $x^2 + 4x + 3 = 0$ সমীকরণের মূলগুলো কি প্রকৃতির? **[CU'23-24] [Ans: a]**

(a) বাস্তব ও মূলদ (b) অবাস্তব ও অসমান (c) জটিল (d) অমূলদ ও সমান

সমাধান: $D = 4^2 - 4 \times 1 \times 3 = 16 - 12 = 4$, যা একটি ধনাত্মক পূর্ণবর্গ সংখ্যা।

∴ মূলদ্বয় অসমান, বাস্তব ও মূলদ।

Scanned with OKEN Scanner
CamScanner

03. $x^2 - kx + 9 = 0$ সমীকরণের মূলদ্বয় জটিল হলে, k এর মান কোনটি? [JU'23-24] [Ans: d]
(a) $-1 < k < 1$ (b) 6 (c) -6 (d) $-6 < k < 6$
সমাধান: $x^2 - kx + 9 = 0$ জটিল মূলের ক্ষেত্রে,
নিশ্চায়ক < 0 হবে
$k^2 - 36 < 0$
$(k+6)(k-6) < 0$
(+) -6 (−) 6 (+)
$\therefore -6 < k < 6$

04. a এর কোন ডোমেনের জন্য $x^2 + ax + 3 = 0$ এর মূলদ্বয় বাস্তব ও অসমান হবে? [GST'22-23] [Ans: c]
(a) $(-2\sqrt{3}, 2\sqrt{3})$ (b) $(-\infty, -2\sqrt{3})$
(c) $(-\infty, -2\sqrt{3}) \cup (2\sqrt{3}, \infty)$ (d) $(2\sqrt{3}, \infty)$
সমাধান: $x^2 + ax + 3 = 0$। যেহেতু মূলদ্বয় বাস্তব ও অসমান $\therefore D > 0$
$\Rightarrow a^2 - 4 \cdot 1 \cdot 3 > 0 \Rightarrow a^2 - (2\sqrt{3})^2 > 0 \Rightarrow (a + 2\sqrt{3})(a - 2\sqrt{3}) > 0 \Rightarrow a < -2\sqrt{3}$ অথবা $a > 2\sqrt{3}$
$-\infty$ $-2\sqrt{3}$ $2\sqrt{3}$ ∞
$a \in (-\infty, -2\sqrt{3}) \cup (2\sqrt{3}, \infty)$

05. k-এর মান কত হলে, $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0$ সমীকরণের মূল দুটি সমান হবে? [JU'22-23] [Ans: b]
(a) 3 অথবা 6 (b) 2 অথবা 5 (c) 2 অথবা 6 (d) 3 অথবা 5
সমাধান: $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0 \Rightarrow x^2 - 6x - 1 + 2kx + k = 0 \therefore x^2 + (2k - 6)x + (k - 1) = 0$
$\therefore a = 1, b = 2k - 6, c = k - 1$
মূলদ্বয় সমান হলে, $D = 0 \Rightarrow b^2 - 4ac = 0 \Rightarrow (2k - 6)^2 - 4 \cdot 1(k - 1) = 0$
$\Rightarrow \{2(k - 3)\}^2 - 4(k - 1) = 0 \Rightarrow 2^2(k - 3)^2 - 4(k - 1) = 0$
$\Rightarrow k^2 - 6k + 9 - k + 1 = 0 \Rightarrow k^2 - 7k + 10 = 0 \therefore k = \frac{-(-7) \pm \sqrt{(-7)^2 - 4 \cdot 1 \cdot 10}}{2 \cdot 1} = \frac{7 \pm 3}{2} = 2, 5$

06. $\frac{1}{x} + a - bx = 0$ সমীকরণের মূলদ্বয় সমান হলে কোনটি সঠিক? [DU' 21-22] [Ans: d]
(a) $a^2 - 4b = 0$ (b) $b^2 - 4a = 0$ (c) $b^2 + 4a = 0$ (d) $a^2 + 4b = 0$
সমাধান: $\frac{1}{x} + a - bx = 0 \Rightarrow 1 + ax - bx^2 = 0 \Rightarrow bx^2 - ax - 1 = 0$
$\therefore D = (-a)^2 - 4 \cdot b(-1) = 0 \Rightarrow a^2 + 4b = 0$

07. k-এর মান কত হলে, $(3k + 1)x^2 + (11 + k)x + 9 = 0$ সমীকরণের মূলগুলো জটিল হবে? [CU' 21-22; JU'18-19, 16-17]
(a) $1 < k < 85$ (b) $k > 85$ (c) $3 < k < 86$ (d) $k < 3$ [Ans: a]
সমাধান: নিশ্চায়ক, $b^2 - 4ac = (11 + k)^2 - 4 \cdot 9(3k + 1) = k^2 + 22k + 121 - 108k - 36$
$= k^2 - 86k + 85 = (k - 1)(k - 85)$
$b^2 - 4ac < 0$ হলে মূলগুলো জটিল হবে যদি নিশ্চায়ক < 0 হয়। অর্থাৎ $(k - 1)(k - 85) < 0$ হবে; $\therefore 1 < k < 85$

08. কোন শর্তে $ax^2 + bx + c$ রাশিটি একটি পূর্ণবর্গ হবে? [Agri.'19-20] [Ans: a]
(a) $4ac = b^2$ (b) $4ac > b^2$ (c) $4ac < b^2$ (d) $ac = b$
সমাধান: একটি রাশি পূর্ণবর্গ হওয়ার শর্ত হচ্ছে নিশ্চায়ক শূন্য হবে। $\therefore b^2 - 4ac = 0 \Rightarrow b^2 = 4ac$

09. $x^2 - px + p + 3 = 0$ সমীকরণের বাস্তব ও অসমান মূল থাকলে p এর মান বের কর। [CU'18-19] [Ans: b]
(a) $p < 6$ অথবা $p > -2$ (b) $p > 6$ অথবা $p < -2$ (c) $p = 0$ (d) $p > 6$
সমাধান: $D > 0 \Rightarrow p^2 - 4(p + 3) > 0 \Rightarrow p^2 - 4p - 12 > 0 \Rightarrow p^2 - 6p + 2p - 12 > 0$
$\Rightarrow p(p - 6) + 2(p - 6) > 0 \Rightarrow (p + 2)(p - 6) > 0$
$\therefore p < -2$ অথবা, $p > 6$

10. নিম্নের কোন শর্তের জন্য $px^2 + 3x + 4 = 0$ সমীকরণের মূলগুলো বাস্তব ও অসমান হবে? [RU'14-15, 08-09] [Ans: c]
(a) $p < \frac{16}{9}$ (b) $p = \frac{9}{16}$ (c) $\frac{1}{p} > \frac{16}{9}$ (d) $p > \frac{9}{16}$
সমাধান: $px^2 + 3x + 4 = 0$ শর্তমতে, $b^2 - 4ac > 0 \Rightarrow 3^2 - 4 \cdot p \cdot 4 > 0 \Rightarrow 9 - 16p > 0$
$\Rightarrow 9 > 16p \Rightarrow p < \frac{9}{16} \Rightarrow \frac{1}{p} > \frac{16}{9}$

POEL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Type-03: মূলদ্বয়ের মধ্যবর্তী সম্পর্ক হতে মান নির্ণয় সম্পর্কিত

➲ **Formula & Concept:**

(i) $ax^2 + bx + c = 0$ এর মূলদ্বয় α, β হলে, [দ্বিঘাত সমীকরণের মূল 2 টি]

$\sum \alpha = \alpha + \beta = -\frac{b}{a}$; $\sum \alpha\beta = \alpha\beta = \frac{c}{a}$

(ii) $ax^3 + bx^2 + cx + d = 0$ এর মূলত্রয় α, β, γ হলে ; [ত্রিঘাত সমীকরণের মূল 3 টি]

$\sum \alpha = \alpha + \beta + \gamma = -\frac{b}{a}$; $\sum \alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = \frac{c}{a}$; $\sum \alpha\beta\gamma = \alpha\beta\gamma = -\frac{d}{a}$

$\sum n$ সংখ্যক মূলের গুণফল $= (-1)^n \frac{(n+1) \text{ তম পদের সহগ}}{\text{সর্বোচ্চ ঘাতের সহগ}}$; [এক্ষেত্রে পদগুলোকে ঘাতের অর্ধ্বঃক্রম অনুসারে সাজাতে হবে]

❖ **Shortcut:**

➢ $ax^2 + bx + c = 0$ এর মূলদ্বয় যৌগিক বিপরীতক হলে একটি α এবং অপরটি $-\alpha$

$\therefore \alpha + (-\alpha) = -\frac{b}{a} \therefore \boxed{b = 0}$

➢ যদি $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় একে অপরের বিপরীত হয় (বা গৌণিক বিপরীতক হয়) তবে,

মূলদ্বয় হবে $\alpha, \frac{1}{\alpha}$ $[\alpha \neq 0]$

সুতরাং, মূলদ্বয়ের গুণফল $= \alpha \cdot \frac{1}{\alpha} = 1 = \frac{c}{a} \therefore \boxed{a = c}$

➢ $ax^2 + bx + c = 0$ সমীকরণের ক্ষেত্রে, যেখানে a, b, c মূলদ,

$c = 0$ হলে 1 টি মূল শূন্য।

- a, b, c সমান্তর প্রগমনে হবে যদি: $b - a = c - b$; $\boxed{a + c = 2b}$
- a, b, c গুণোত্তর প্রগমনে হবে যদি: $\frac{b}{a} = \frac{c}{b} \Rightarrow \frac{a}{b} = \frac{b}{c} \Rightarrow \boxed{ac = b^2}$
- a, b, c harmonic প্রগমনে হবে যদি: $\frac{1}{a}, \frac{1}{b}, \frac{1}{c}$ অর্থাৎ, $\frac{1}{a} - \frac{1}{b} = \frac{1}{b} - \frac{1}{c} \Rightarrow \boxed{\frac{1}{a} + \frac{1}{c} = \frac{2}{b}}$

➢ কোন বহুপদীর সকল সহগগুলোর যোগফল 0 হলে তার একটি মূল 1

জটিল মূল অনুবন্ধীরূপে আসে। অর্থাৎ, বাস্তব সহগবিশিষ্ট একটি বহুপদী সমীকরণের একটি মূল $a + ib$ হলে, অপর একটি মূল হবে $a - ib$; $[a, b \in \mathbb{R}]$

MCQ

01. k এর কোন মানের জন্য $2x^2 - (k+1)x + k = 0$ এর একটি মূল অপর মূলের বিপরীতের তিন গুণের সমান হবে? **[DU'23-24]**

(a) 3 (b) 4 (c) 5 (d) 6 **[Ans: d]**

সমাধান: ধরি, মূলদ্বয় $\alpha, \frac{3}{\alpha}$; প্রশ্নমতে, $\alpha \cdot \frac{3}{\alpha} = \frac{k}{2} \Rightarrow 3 = \frac{k}{2} \therefore k = 6$

02. যদি $x^2 - bx + c = 0$ এর মূলদ্বয় ক্রমিক পূর্ণসংখ্যা হয়, তবে $b^2 - 4c$ এর মান কত? **[GST'23-24] [Ans: a]**

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

সমাধান: ধরি, $x^2 - bx + c = 0$ এর মূলদ্বয় $\alpha, \alpha + 1$

মূলদ্বয়ের যোগফল

$\therefore \alpha + \alpha + 1 = b \ldots\ldots\ldots (i)$

$\Rightarrow \alpha = \frac{b-1}{2}$

এবং মূলদ্বয়ের গুণফল; $\alpha(\alpha + 1) = c \ldots\ldots\ldots (ii)$

$\Rightarrow \frac{b-1}{2}\left(\frac{b-1}{2} + 1\right) = c \Rightarrow \frac{b-1}{2} \cdot \frac{b+1}{2} = c$

$\Rightarrow \frac{b^2-1}{4} = c \Rightarrow b^2 - 1 = 4c \therefore b^2 - 4c = 1$

বিকল্প: $2\alpha + 1 = b$ এবং $\alpha^2 + \alpha = c$; [(i) ও (ii) হতে]

এখন, $b^2 - 4c = (2\alpha + 1)^2 - 4(\alpha^2 + \alpha) = 4\alpha^2 + 4\alpha + 1 - 4\alpha^2 - 4\alpha = 1$

03. $2x^2 + 3x + p = 3$ সমীকরণের একটি মূল অপরটির উল্টা হলে p এর মান কোনটি? **[RU'23-24] [Ans: c]**

(a) 2 (b) 4 (c) 5 (d) 7

সমাধান: $2x^2 + 3x + p = 3$; $2x^2 + 3x + (p - 3) = 0$

ধরি, মূলদ্বয় α ও $\frac{1}{\alpha} \therefore \alpha \cdot \frac{1}{\alpha} = \frac{p-3}{2} \Rightarrow p - 3 = 2 \Rightarrow p = 5$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

04. k-এর মান কত হলে, $(k^2-3)x^2+3kx+3k+1=0$ সমীকরণের মূলদ্বয় পরস্পর উল্টা হবে? **[RU'21-22, 17-18, 08-09]**
(a) $4, 1$ (b) $4, -1$ (c) $-4, 1$ (d) $6, -1$ **[Ans: b]**

সমাধান: ধরি, সমীকরণটির মূলদ্বয় $\alpha, \frac{1}{\alpha}$

প্রশ্নমতে, $\alpha \cdot \frac{1}{\alpha} = \frac{3k+1}{k^2-3} \Rightarrow 1 = \frac{3k+1}{k^2-3} \Rightarrow k^2-3 = 3k+1 \Rightarrow k^2-3k-4=0 \therefore k = \frac{-(-3)\pm\sqrt{(-3)^2-4\cdot1\cdot(-4)}}{2\cdot1}$

$= \frac{3\pm5}{2} = 4, -1$

05. $x^3-5x^2+17x-13=0$ সমীকরণটির একটি মূল 1 হলে, অপর মূলগুলো কত? **[RU'21-22, 20-21] [Ans: c]**
(a) $4\pm3i$ (b) $3\pm2i$ (c) $2\pm3i$ (d) $-2\pm3i$

সমাধান: $x^3-5x^2+17x-13=0$ সমীকরণটির একটি মূল 1

$\Rightarrow x^3-x^2-4x^2+4x+13x-13=0 \Rightarrow x^2(x-1)-4x(x-1)+13(x-1)=0$

$\Rightarrow (x-1)(x^2-4x+13)=0$

যখন, $x^2-4x+13=0$, $x = \frac{-(-4)\pm\sqrt{(-4)^2-4\cdot13}}{2\cdot1} = \frac{4\pm\sqrt{16-52}}{2} = \frac{4\pm6i}{2} = 2\pm3i$

বিকল্প: ধরি, সমীকরণের মূলত্রয় $\alpha, \beta, 1$

$\therefore \alpha+\beta+1 = -\frac{(-5)}{1} = 5 \therefore \alpha+\beta=4 \ldots\ldots\ldots$ (i); $\alpha\cdot\beta\cdot1 = -\frac{(-13)}{1} \therefore \alpha\beta = 13 \ldots\ldots\ldots$ (ii)

এখন, $\alpha-\beta = \sqrt{(\alpha+\beta)^2-4\alpha\beta} = \sqrt{4^2-4\cdot13} = \sqrt{-36} = 6i \therefore \alpha-\beta = 6i \ldots\ldots\ldots$ (iii)

(i) + (iii) $\Rightarrow 2\alpha = 4+6i \therefore \alpha = 2+3i$; (i) − (iii) $\Rightarrow 2\beta = 4-6i \therefore \beta = 2-3i$ $\therefore$ অপর মূলদ্বয় $2\pm3i$

06. $t^2+8t+2=0$ সমীকরণের মূলদ্বয় e^a এবং e^b হলে, $(a+b)$ এর মান কত? **[RU'21-22] [Ans: c]**
(a) -2 (b) 2 (c) $\ln 2$ (d) $\ln\frac{1}{2}$

সমাধান: $t^2+8t+2=0$ সমীকরণের দুইটি মূল হলো e^a এবং e^b

এখানে, $e^a\cdot e^b = 2 \Rightarrow e^{a+b} = 2 \Rightarrow (a+b)\ln e = \ln 2$; [উভয় পাশে ln নিয়ে] $\therefore a+b = \ln 2$; [$\because \ln e = 1$]

07. $2x^3+5x^2+5x+2=0$ সমীকরণের মূলগুলি α, β ও γ হলে, $\Sigma\alpha\beta$ এর মান কত? **[JU'21-22] [Ans: a]**
(a) $\frac{5}{2}$ (b) $-\frac{5}{2}$ (c) 1 (d) -1

সমাধান: $\Sigma\alpha\beta = \alpha\beta+\beta\gamma+\gamma\alpha = \frac{5}{2}$

08. $x^2-5x+5=0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে, $\alpha^3+\beta^3$ এর মান কত? **[JU'21-22] [Ans: a]**
(a) 50 (b) 25 (c) 75 (d) 100

সমাধান: $\alpha+\beta=5; \alpha\beta=5 \therefore \alpha^3+\beta^3 = (\alpha+\beta)^3-3\alpha\beta(\alpha+\beta) = 5^3-3\times5\times5 = 50$

09. যদি $x^2-5x+k=0$ সমীকরণটির একটি মূল 4 হয় তাহলে k এর মান এবং অন্য মূলটি কত? **[CU'21-22, Agri.'19-20]**
(a) $0, 0$ (b) $4, 1$ (c) $-4, -1$ (d) $4, -1$ **[Ans: b]**

সমাধান: $\alpha+4=5 \therefore \alpha=1$ এবং $4\cdot1=k \therefore k=4$

বিকল্প: $(4)^2-5(4)+k=0 \Rightarrow k=4$; $\alpha+4=5 \therefore \alpha=1$

POLE MACHINE
Preparation and Practice are vital for effective delivery

10. কোন শর্তে $x^3-mx^2+nx+r=0$ সমীকরণের দুইটি মূলের সমষ্টি শূন্য হবে? **[GST'20-21] [Ans: b]**
(a) $mn-r=0$ (b) $mn+r=0$ (c) $mr+n=0$ (d) $mr-n=0$

সমাধান: ধরি, মূলত্রয় a, b এবং c। $a+b=0$ হলে, $a+b+c = -\frac{-m}{1} = m \Rightarrow 0+c=m \Rightarrow c=m$

$ab+bc+ca=n \Rightarrow ab+c(b+a)=n \Rightarrow ab=n$; $abc=-r \Rightarrow n\cdot m=-r \Rightarrow mn+r=0$

11. দুইটি মূলের যোগফল শূন্য হলে, $x^3-5x^2-16x+80=0$ সমীকরণটির মূলগুলো কত? **[RU'20-21] [Ans: a]**
(a) $4, -4, 5$ (b) $3, -3, -5$ (c) $2, -2, -5$ (d) $5, 6, -6$

সমাধান: মূলত্রয় $\alpha, -\alpha, \beta$; $\alpha+(-\alpha)+\beta = -(-5) \Rightarrow \beta=5$

(a) $\frac{\alpha}{3}$ (b) α (c) $\frac{\alpha}{2}$ (d) 2α **[Ans: c]**

সমাধান: $\tan\theta = \frac{P\sin\alpha}{P+P\cos\alpha} \Rightarrow \tan\theta = \frac{\sin\alpha}{1+\cos\alpha} \Rightarrow \tan\theta = \frac{2\sin\frac{\alpha}{2}\cos\frac{\alpha}{2}}{2\cos^2\frac{\alpha}{2}} \Rightarrow \tan\theta = \tan\frac{\alpha}{2} \therefore \theta = \frac{\alpha}{2}$

বিকল্প: $\alpha = \theta + \theta = 2\theta \Rightarrow \theta = \frac{\alpha}{2}$

Scanned with OKEN Scanner
CamScanner

Type-02: বেগের উপাংশে বিভাজন

Concept

মনে করি, একটি বেগ w কে মানে ও দিকে OC দ্বারা সূচিত করা হলো। OC এর উভয় পাশে নির্দিষ্ট α ও β কোণে দুইটি রশ্মি OX এবং OY অঙ্কন করি। OACB সামান্তরিক অঙ্কন করি যেখানে, $A \in OX$ এবং $B \in OY$।



তাহলে $\angle AOC = \alpha$ এবং $\angle COB = \angle OCA = \beta$

ধরি, $\overrightarrow{OA} = \vec{u}$ এবং $\overrightarrow{OB} = \vec{v}$ তাহলে OX ও OY বরাবর প্রদত্ত w এর অংশকদ্বয় হলো যথাক্রমে $\vec{u}$ এবং $\vec{v}$।

এখন ΔOAC এ সাইন সূত্র প্রয়োগ করে পাই, $\frac{OA}{\sin\angle OCA} = \frac{AC}{\sin\angle AOC} = \frac{OC}{\sin\angle OAC}$

$\Rightarrow \frac{u}{\sin\beta} = \frac{v}{\sin\alpha} = \frac{w}{\sin(\alpha+\beta)}$

$\therefore u = \frac{w\sin\beta}{\sin(\alpha+\beta)}; v = \frac{w\sin\alpha}{\sin(\alpha+\beta)} \ldots\ldots\ldots$ (ii)

অতএব, (i) ও (ii) হলো OX ও OY বরাবর w বেগের উপাংশ সমূহ।

যদি $\alpha + \beta = 90°$ হয়। অর্থাৎ, $OY \perp OX$ হয় তবে $\vec{u} = \vec{w}\sin\beta = \vec{w}\sin(90-\alpha) = \vec{w}\cos\alpha$ এবং $\vec{v} = \vec{w}\sin\alpha$

অর্থাৎ, w বেগের x অক্ষ বরাবর উপাংশের মান $w\cos\alpha$ এবং উলম্ব দিকে উপাংশ $w\sin\alpha$.

MCQ

01. $12\ ms^{-1}$ বেগের দুই পার্শ্বে 30° ও 60° কোণে ক্রিয়ারত অংশকদ্বয় কত ms^{-1}? **[RU' 23-24] [Ans: a]**

(a) $6\sqrt{3}, 6$ (b) $6, 6\sqrt{2}$ (c) $24, 24\sqrt{3}$ (d) $24\sqrt{2}, 24$

সমাধান:



$V_x = 12\cos 30° = 6\sqrt{3}\ ms^{-1}; V_y = 12\sin 30° = 6\ ms^{-1}$

POLL MACHINE
Repetition and Practice are vital for effective delivery

Type-03: দূরত্ব নির্ণয় সংক্রান্ত

Formula & Concept:

OX বরাবর ১ম ব্যক্তির বেগ $= v_A$; OY বরাবর ২য় ব্যক্তির বেগ $= v_B$

v_A ও v_B এর মধ্যবর্তী কোণ $= \alpha$

t সময় পর, OX বরাবর ১ম ব্যক্তির অতিক্রান্ত দূরত্ব $= OA = v_At$

OY বরাবর ২য় ব্যক্তির অতিক্রান্ত দূরত্ব $= OB = v_Bt$ [$s = vt$]

t সময় পর A ও B বিন্দুতে অবস্থিত দুই ব্যক্তির মধ্যবর্তী দূরত্ব AB.



Cosine Law: $\cos\alpha = \frac{OA^2+OB^2-AB^2}{2OA\cdot OB}$

$\therefore AB^2 = OA^2 + OB^2 - 2OA\cdot OB\cos\alpha \therefore AB = \sqrt{OA^2 + OB^2 - 2OA\cdot OB\cos\alpha}$, যেখানে $OA = v_At, OB = v_Bt$.

Special Case: $\alpha = 90°$

পিথাগোরাসের উপপাদ্য অনুসারে, $AB^2 = OA^2 + OB^2$

$\therefore AB = \sqrt{OA^2 + OB^2}$; [যেখানে $OA = v_At, OB = v_Bt$]



Scanned with OKEN Scanner
CamScanner

MCQ

01. একটি বস্তুকণা 35 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধি বরাবর 10 সেকেন্ডে ব্যাসের একপ্রান্ত থেকে অপর প্রান্তে পৌঁছালে, তার গড়বেগ কত সে.মি./সে.? **[KU'17-18] [Ans: b]**

(a) 3.5 (b) 7 (c) 11 (d) 109

সমাধান: $v = \frac{\text{সরণ}}{\text{সময়}} = \frac{s}{t} = \frac{2r}{t} = \frac{2 \times 35}{10} = 7$

02. একটি কণা $3\ ms^{-1}$ বেগে পূর্ব দিকে চলছে। 1 সেকেন্ড পরে তার বেগের সঙ্গে দক্ষিণমুখী $4\ ms^{-1}$ বেগ সংযোজন করা হল। এর 1 সেকেন্ড পরে যাত্রাবিন্দু হতে তার দূরত্ব কত হবে? **[RU'14-15] [Ans: c]**

(a) 17 m (b) 15 m (c) $\sqrt{52}$ m (d) $\sqrt{916}$ m

সমাধান: পূর্ব দিকে 2s এ অতিক্রান্ত দূরত্ব $= 3 \times 2 = 6m$

দক্ষিণ দিকে 1s এ অতিক্রান্ত দূরত্ব $= 4 \times 1 = 4m$

$\therefore$ যাত্রাবিন্দু হতে দূরত্ব $= \sqrt{6^2 + 4^2} = \sqrt{52}m$



Type-04: গড় দ্রুতি/বেগ সংক্রান্ত

➲ **Formula & Concept:**

এ ধরনের অঙ্কগুলোতে কোনো fixed সূত্র ব্যবহার না করে মোট দূরত্ব বের করে নিতে হবে এবং মোট সময় বের করে নিতে হবে। কোনো রাশির মান দেওয়া না থাকলে তাকে অজানা রাশি হিসেবে বিবেচনা করে সূত্রে কাজে লাগানো শ্রেয়।

অতঃপর, গড় দ্রুতি $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{মোট সময়}}$; গড় বেগ, $\bar{v} = \frac{\text{সরণ}}{\text{মোট সময়}}$

Shortcut: এক ব্যক্তি n সংখ্যক সমান দূরত্ব যথাক্রমে $v_1, v_2, v_3, \ldots\ldots\ldots, v_n$ বেগ নিয়ে অতিক্রম করলে তার গড় দ্রুতি,

$$\bar{v} = \frac{n}{\frac{1}{v_1} + \frac{1}{v_2} + \frac{1}{v_3} + \cdots + \frac{1}{v_n}}$$

Note: অনেক সময় প্রশ্নে গড়বেগ বের করতে বলা হয়। কিন্তু প্রশ্নে বস্তুটি কোন দিকে গিয়েছে তা উল্লেখ করা থাকে না। সেক্ষেত্রে তোমাকে বুঝে নিতে হবে প্রশ্নে আসলে গড় দ্রুতির মান নির্ণয় করতে বলা হয়েছে।

MCQ

01. একজন সাইকেল চালক সোজাপথে 3 ঘণ্টায় 30 কি.মি. যাওয়ার পর প্রথম রাস্তার সাথে লম্বভাবে অপর একটি পথে 8 কি.মি./ঘ. বেগে 5 ঘন্টা চলল। তার গড়বেগ কত? **[RU'17-18] [Ans: a]**

(a) $6\frac{1}{4}$ কি.মি./ঘ. (b) $6\frac{1}{2}$ কি.মি./ঘ. (c) $6\frac{3}{4}$ কি.মি./ঘ. (d) কোনটিই নয়

সমাধান: লম্বভাবে চলল = 40 km

$\therefore$ মোট সরণ $= \sqrt{30^2 + 40^2} = 50$ km

$\therefore$ গড়বেগ $= \frac{50}{5+3} = 6\frac{1}{4}$ কি.মি./ঘ.



02. এক ব্যক্তি ঘণ্টায় 3 km বেগে উত্তর দিকে 12 km হাঁটার পর পশ্চিম দিকে 150 মিনিটে 5 km পথ হাঁটল। ব্যক্তিটির গড়বেগ কত? **[JU'16-17]**

(a) $\frac{14}{6}\ kmh^{-1}$ (b) $\frac{2}{3}\ kmh^{-1}$ (c) $2\ kmh^{-1}$ (d) $2.5\ kmh^{-1}$ **[Ans: c]**

সমাধান: সরণ $= \sqrt{12^2 + 5^2} = 13$ km,

সময় $= \frac{12}{3} + 2.5 = 6.5$ h

$\therefore$ গড়বেগ $= \frac{13}{6.5}\ kmh^{-1} = 2\ kmh^{-1}$



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Type-05: নদী পারাপার সংক্রান্ত

১ **Formula & Concept:**

	কোনো শর্ত না দেওয়া থাকলে	সর্বনিম্ন সময়	সর্বনিম্ন দূরত্ব (সোজাসুজি নদী পার)
চিত্র			
সূত্র	$w = \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha}$ $d = v\sin\alpha\, t \Rightarrow t = \frac{d}{v\sin\alpha}$ $x = (u + v\cos\alpha)t$ $\frac{x}{d} = \frac{u+v\cos\alpha}{v\sin\alpha}$	$w = \sqrt{u^2 + v^2}$ $\alpha = 90°$ $d = v\,t_{min} \Rightarrow t_{min} = \frac{d}{v}$ $x = ut_{min}$ $\frac{x}{d} = \frac{u}{v}$	$w = \sqrt{v^2 - u^2}$ $\alpha = \cos^{-1}\left(-\frac{u}{v}\right)$ $d_{min} = w\,t$ $\Rightarrow t = \frac{d_{min}}{w} = \frac{d_{min}}{\sqrt{v^2-u^2}}$ $x = 0$

নৌকার/সাতারুর বেগ = v, স্রোতের বেগ = u, লব্ধি বেগ = w।

Note: স্রোত থাকলে সর্বনিম্ন দূরত্বে নদী পারাপারের সময়, নদী পারাপারের সর্বনিম্ন সময় অপেক্ষা বেশি হবে।

MCQ

01. এক ব্যক্তি স্রোতের $\sqrt{2}$ গুণ বেগে সাঁতার কাটতে পারে। যাত্রা স্থান হতে নদীর ঠিক বিপরীত পাড়ে পৌঁছাতে হলে তাকে কোন দিকে সাঁতার দিতে হবে? **[CU'20-21; RU'17-18] [Ans: b]**

(a) 120° (b) 135° (c) 90° (d) 45°

সমাধান: স্রোতের বেগ u হলে, ব্যক্তির বেগ $\sqrt{2}u$ ।

প্রশ্নমতে, $\sqrt{2}u\cos\alpha + u\cos0° = 0 \Rightarrow \cos\alpha = \frac{-u}{\sqrt{2}u} \Rightarrow \cos\alpha = -\frac{1}{\sqrt{2}} \therefore \alpha = 135°$

বিকল্প: $\alpha = \cos\left(-\frac{\text{স্রোতের বেগ}}{\text{ব্যক্তির বেগ}}\right) = \cos\left(-\frac{u}{\sqrt{2}u}\right) = \cos^{-1}\left(-\frac{1}{\sqrt{2}}\right) = 135°$

02. নদীর স্রোতের বেগ 3 kmh^{-1}, নৌকার বেগ কত হলে নৌকাটি 4 kmh^{-1} বেগে সোজা পথে নদী পাড়ি দিতে পারবে? **[JU'19-20]**

(a) 4 kmh^{-1} (b) 5 kmh^{-1} (c) 4.5 kmh^{-1} (d) 6 kmh^{-1} **[Ans: b]**

সমাধান:  ; $x^2 = 3^2 + 4^2 = 25 \Rightarrow x = 5\ kmh^{-1}$

বিকল্প: $\tan 90° = \frac{x\sin\alpha}{3+x\cos\alpha} \Rightarrow 3 + x\cos\alpha = 0 \Rightarrow x\cos\alpha = -3$;

এখন, লব্ধি $= 4 \Rightarrow \sqrt{3^2 + x^2 + 2\cdot3\cdot x\cos\alpha} = 4 \Rightarrow 9 + x^2 + 6(-3) = 16 \therefore x = 5\ kmh^{-1}$

03. কোনো লঞ্চ 12 kmh^{-1} বেগে চলে 6 kmh^{-1} বেগে প্রবাহিত নদীর এক তীর থেকে কোন দিকে যাত্রা করলে অপর তীরে সোজাসুজি যেতে পারবে? **[JnU'13-14] [Ans: a]**

(a) 120° (b) 90° (c) 130° (d) 150°

সমাধান: 

নদীর প্রবাহের দিকে বেগের উপাংশ নিয়ে পাই, $12\cos\alpha + 6 = R\cos90° \Rightarrow \cos\alpha = -\frac{6}{12} = -\frac{1}{2} \Rightarrow \alpha = 120°$

বিকল্প: $\alpha = \cos^{-1}\left(-\frac{\text{স্রোতের বেগ}}{\text{লঞ্চের বেগ}}\right) = \cos^{-1}\left(-\frac{6}{12}\right) = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120°$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Type-06: গতির সূত্রাবলির ব্যবহার সংক্রান্ত

➲ **Formula & Concept:**

(i) $v = u + ft$ (ii) $v^2 = u^2 + 2fs$ (iii) $s = ut + \frac{1}{2}ft^2$

(iv) $s = \frac{u+v}{2} \times t = \bar{v}\,t$ (v) $F = mf = m\frac{\Delta v}{\Delta t} = m\frac{dv}{dt}$

এই সূত্রগুলো ব্যবহার করতে হবে। ত্বরণ হলে f এর মান positive, মন্দন হলে f এর মান negative.

MCQ

01. একটি চলন্ত ট্রেনকে ব্রেক করে 10 সেকেন্ডে থামিয়ে দেওয়া হলো। ট্রেনটির গড় মন্দন $70\ ms^{-2}$ হলে এর গতিবেগ কত ছিল?

(a) $1000\ ms^{-1}$ (b) $800\ ms^{-1}$ (c) $700\ ms^{-1}$ (d) $500\ ms^{-1}$ **[DU'18-19] [Ans: d]**

সমাধান: $v = u - at \Rightarrow 0 = u - at \Rightarrow u = 70 \times 10 = 700\ ms^{-1}$

02. একটি চলমান বস্তুকণা $10\ ms^{-1}$ আদিবেগে এবং $-3\ ms^{-2}$ সুষম ত্বরণে সরলরেখা বরাবর যাত্রা করে 16 মিটার অতিক্রম শেষে বস্তুটির বেগ কত মিটার/সে হবে? **[RU'17-18] [Ans: d]**

(a) 196 (b) 14 (c) 4 (d) 2

সমাধান: $v^2 = v_0^2 + 2as \Rightarrow v = \sqrt{10^2 + 2 \cdot (-3) \cdot 16} = \sqrt{100 - 96} = \sqrt{4} = 2\ ms^{-1}$

03. 15 kg ভরের একটি গোলা 5.56 ft দীর্ঘ একটি কামানের নলের মুখ থেকে $4\ ms^{-1}$ বেগে নির্গত হয়। গোলাটির উপর প্রযুক্ত বলের মান কত? **[KU'17-18]**

(a) 60 N (b) 90 N (c) 120 N (d) 60 kg-wt

সমাধান: (সঠিক উত্তর নেই); $s = 5.56\ ft = (5.56 \times 0.3) = 1.7\ m$

$v^2 = v_0^2 + 2as \therefore a = \frac{4^2}{2\times1.7} = 4.7\ ms^{-2} \therefore F = ma = 15 \times 4.7 = 70\ N$ (প্রায়)

04. 36 kg ভরের একটি স্থির বস্তুর উপর কী পরিমাণ বল প্রয়োগ করলে এক মিনিটে এর বেগ ঘণ্টায় 15 km এ বৃদ্ধি পাবে?

(a) 1.5 N (b) 2.5 N (c) 3.6 N (d) 4.5 N **[KU'17-18] [Ans: b]**

সমাধান: $F = \frac{m\Delta v}{t} = \frac{36\times\frac{15}{36}}{60} = 2.5\ N$

05. একটি ট্রেন স্থিরাবস্থা হতে $4ft/sec^2$ ত্বরণে চলা শুরু করার পর ঘণ্টায় 30 মাইল বেগে যেতে তার কত second লাগবে?

(a) 8 (b) 9 (c) 10 (d) 11 **[JU'16-17] [Ans: d]**

সমাধান: $v = 30\ miles\ hr^{-1} = \frac{30\times1760\times3}{3600} = 44ft/sec \therefore t = \frac{v}{a} = 11s$

06. স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে চলমান বস্তুর ক্ষেত্রে কোন সম্পর্কটি সঠিক? **[KU'16-17] [Ans: a]**

(a) $s \propto t^2$ (b) $s \propto \sqrt{t}$ (c) $s \propto \sqrt{v}$ (d) $s \propto t$

07. একটি গাড়ি স্থিতিবস্থা হতে সমত্বরণ (uniform acceleration)-এ চলা শুরু করে 5 সেকেন্ডে $75\ ms^{-1}$ গতিবেগ প্রাপ্ত হল। গাড়িটির ত্বরণ (acceleration) কত? **[JnU'15-16] [Ans: d]**

(a) $18\ ms^{-2}$ (b) $12\ ms^{-2}$ (c) $15\ ms^{-2}$ (d) $7\ ms^{-2}$

সমাধান: $a = \frac{75}{5} = 15\ ms^{-2}$

08. একটি ধ্রুবক বল 40 কেজি ভরের একটি বস্তুর উপর স্থিরাবস্থা হতে 6 সেকেন্ড ক্রিয়া করে $18\ ms^{-1}$ বেগের সৃষ্টি করে। বলের পরিমাণ কত? **[JU'14-15] [Ans: a]**

(a) 120N (b) 110N (c) 210N (d) 100N

সমাধান: $a = \frac{v-u}{t} = \frac{18-0}{6} = 3ms^{-2} \therefore F = ma = 40 \times 3 = 120N$

09. একটি গাড়ি সমত্বরণে (uniform acceleration) $30\ kmh^{-1}$ আদিবেগে 100 km পথ অতিক্রম করে $50\ kmh^{-1}$ চূড়ান্ত বেগ প্রাপ্ত হয়। গাড়িটির ত্বরণ (acceleration) কত? **[JnU'14-15; DU'11-12] [Ans: a]**

(a) $8\ kmh^{-2}$ (b) $800\ kmh^{-2}$ (c) $16\ kmh^{-2}$ (d) $80\ kmh^{-2}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

সমাধান: দেওয়া আছে, $u = 30\ kmh^{-1}$; $v = 50\ kmh^{-1}$; $s = 100\ km$

আমরা জানি, $a = \frac{v^2-u^2}{2s} = \frac{50^2-30^2}{2\times100} = 8\ kmh^{-2}$

10. 4N এর একটি বল 2 kg ভরের একটি স্থির বস্তুর উপর ক্রিয়া করলে ত্বরণ- [CU'14-15] [Ans: c]

(a) $4\ ms^{-2}$ (b) $8\ ms^{-2}$ (c) $2\ ms^{-2}$ (d) $1\ ms^{-2}$

সমাধান: $F = ma \Rightarrow a = \frac{F}{m} = \frac{4}{2} = 2\ ms^{-2}$

Type-07: বাঘ-হরিণ, ইঁদুর-বিড়াল ধরা এবং বাস-যাত্রী, বাস-সাইকেল অতিক্রম করা সংক্রান্ত

Formula & Concept:

এই অঙ্কগুলোতে সাধারণত একপক্ষ সমবেগে এবং অপর পক্ষ সমত্বরণে চলে, সমবেগের জন্য $s = vt$ এবং সমত্বরণের জন্য-

(i) $s = ut + \frac{1}{2}at^2$; (ii) $v = u + at$ সূত্রগুলো ব্যবহার করতে হবে। [এক্ষেত্রে s = সরণ, u = আদিবেগ, v = শেষবেগ, t = সময় ও a = ত্বরণ]

Note: বাঘ-হরিণ এর মধ্যবর্তী দূরত্ব অবশ্যই সঠিকভাবে সমীকরণে বসাতে হবে।

MCQ

01. কোনো সাইকেল আরোহী একটি ইঞ্জিনের 84 মিটার পশ্চাৎ হতে $20ms^{-1}$ সমবেগে তার দিকে যাত্রা করল। একই সময় ইঞ্জিনটি $2ms^{-2}$ সমত্বরণে সম্মুখের দিকে যাত্রা করলে তারা কত সেকেন্ডে মিলিত হবে? [KU'16-17] [Ans: d]

(a) 9 এবং 18 (b) 8 এবং 16 (c) 7 এবং 15 (d) 6 এবং 14

সমাধান: ধরি, t সময়ের পর তারা মিলিত হয়।

$\therefore 20t = \frac{1}{2}\times 2 \times t^2 + 84 \Rightarrow t^2 - 20t + 84 = 0$

$\Rightarrow t^2 - (14+6)t + 84 = 0 \ \therefore t = 6, 14\ sec$



Type-08: বিশেষ এক সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব সংক্রান্ত

Formula & Concept:

আমরা জানি, t তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s_{th} = u + \frac{1}{2}f(2t-1)$

এবং t সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব, $s = ut + \frac{1}{2}ft^2$; ত্বরণ, $f = \frac{S_{mth}-S_{nth}}{t_m-t_n}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

MCQ

01. $20ms^{-1}$ বেগে ও $4ms^{-2}$ সমত্বরণে চলমান বস্তুকণার ৫-তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব কত হবে? [GST'23-24] [Ans: b]

(a) 36m (b) 38m (c) 42m (d) 48m

সমাধান: এখানে, $u = 20\ ms^{-1}, f = 4\ ms^{-2}, t = 5\ sec, S_{5th} = ?$

$S_{5th} = u + \frac{1}{2}f(2t-1) = 20 + \frac{1}{2}\times 4(2\times5-1)$

$\therefore s_{5th} = 38\ m$

02. মন্দনের ক্ষেত্রে গতির সমীকরণ কোনটি? [JU'22-23] [Ans: b]

(a) $s = u + \frac{1}{2}f(2t-1)$ (b) $s = u - \frac{1}{2}f(2t-1)$

(c) $s = ut - \frac{1}{2}f(t-1)$ (d) $s = u - \frac{1}{2}f(2t+1)$

03. একটি কণা স্থিরাবস্থা থেকে $2m/sec^2$ ধ্রুব ত্বরণে যাত্রা করে তৃতীয় সেকেন্ডে কত পথ অতিক্রম করবে? [JU'22-23] [Ans: b]

(a) 4m (b) 5m (c) 6m (d) 7m

সমাধান: $s_3 = u + \frac{1}{2}f(2t-1) = 0 + \frac{1}{2}\times2\times(2\times3-1) = 5m$

Scanned with OKEN Scanner
CamScanner

04. স্থির অবস্থা হতে একটি বস্তু $4ms^{-2}$ সমত্বরণে চলতে থাকলো। সপ্তম সেকেন্ডে এটি কত মিটার দূরত্ব অতিক্রম করবে? [RU'22-23]
(a) 13 (b) 39 (c) 52 (d) 26 [Ans: d]
সমাধান: $s_7 = u + \frac{1}{2}f(2t-1) = 0 + \frac{1}{2} \times 4 \times (2 \times 7 - 1)\ m = 26\ m$

05. একটি কণা $60\ cms^{-2}$ সমত্বরণে চলে এগারো তম সেকেন্ডে 720 cm পথ অতিক্রম করে। কণাটির আদিবেগ কত? [JU'19-20]
(a) $72\ cms^{-1}$ (b) $80\ cms^{-1}$ (c) $90\ cms^{-1}$ (d) $120\ cms^{-1}$ [Ans: c]
সমাধান: $s_{11} = u + \frac{1}{2}f(2t-1) \Rightarrow 720 = u + \frac{1}{2} \times 60(2 \times 11 - 1)$
$\Rightarrow 720 = u + 30 \times 21 = u + 630 \therefore u = 90\ cms^{-1}$

Type-09: রেলগাড়ির সংঘর্ষ এড়ানোর শর্ত নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**
আমরা জানি, সমত্বরণে চলমান বস্তুর জন্য, $v^2 = u^2 + 2fs$
এখানে, u = আদিবেগ; v = শেষবেগ; f = ত্বরণ; s = অতিক্রান্ত দূরত্ব।
Note: FPS পদ্ধতিতে g এর মান, $g = 32\ fts^{-2}$
দুইটি রেলগাড়ি একই সরল রেলপথে u_1 ও u_2 গতিবেগে পরস্পরের দিকে অগ্রসর হচ্ছে। এদের মধ্যবর্তী দূরত্ব যখন x তখন তারা পরস্পরকে দেখতে পায়। ব্রেক প্রয়োগ করে রেলগাড়ি দুইটি যদি যথাক্রমে সর্বোচ্চ f_1 এবং f_2 মন্দন সৃষ্টি করে সেক্ষেত্রে,
(i) সংঘর্ষ এড়ানো সম্ভব যদি $u_1^2 f_2 + u_2^2 f_1 \le 2f_1 f_2 x$ হয়।
(ii) কোনো রকমে সংঘর্ষ এড়ানো সম্ভব যদি $u_1^2 f_2 + u_2^2 f_1 = 2f_1 f_2 x \Rightarrow \frac{u_1^2}{2f_1} + \frac{u_2^2}{2f_2} = x$ হয়।

MCQ

01. খুলনা ঢাকার মধ্যে একই লাইনে চলাচলকারী বিপরীত দিক থেকে আসা 50 কি.মি. /ঘ. বেগে চিত্রা ও 40 কি.মি. /ঘ. বেগে সুন্দরবন এক্সপ্রেস ট্রেন দুটি 10 কি.মি. দূরত্বে একে অন্যকে দেখতে পেল। চিত্রা এক্সপ্রেসটি 250 কি.মি. /ঘ.^{2} মন্দন সৃষ্টি করে। সুন্দরবন এক্সপ্রেস ট্রেনটি কত মন্দন সৃষ্টি করলে দুর্ঘটনা এড়ানো যাবে? [KU'13-14] [Ans: b]
(a) $250\ kmh^{-2}$ (b) $160\ kmh^{-2}$ (c) $350\ kmh^{-2}$ (d) $450\ kmh^{-2}$
সমাধান: মনে করি, চিত্রা এক্সপ্রেসটির বেগ = u_1, মন্দন = f_1 এবং সুন্দরবন এক্সপ্রেসটির বেগ = u_2, মন্দন = f_2
এখন দুর্ঘটনা এড়ানো যাবে যদি $\frac{u_1^2}{2f_1} + \frac{u_2^2}{2f_2} = 10\ km \Rightarrow \frac{50^2}{2 \times 250} + \frac{40^2}{2 \times f_2} = 10$
$\Rightarrow 5 + \frac{40 \times 40}{2f_2} = 10 \Rightarrow \frac{20 \times 40}{f_2} = 5 \therefore f_2 = 160\ kmh^{-2}$

POLL MACHINE

Type-10: বুলেটের তক্তা ভেদ সংক্রান্ত

➲ **Formula & Concept:**
ধরা হয়, ভেদ করার সময় সুষম মন্দনে বুলেটের বেগ হ্রাসপ্রাপ্ত হয়।

Preparation and Practice are vital for effective delivery

প্রধান সূত্র: $v^2 = u^2 + 2fs;\ [f < 0]$		
একটি বুলেট-	আরও অতিক্রম করবে	মোট অতিক্রান্ত দূরত্ব
(i) s দূরত্ব অতিক্রম করার পর যদি বেগের $\frac{1}{n}$ অংশ হারায় (ii) একটি তক্তা ভেদ করার পর যদি বেগের $\frac{1}{n}$ অংশ হারায়	(i) $x = \frac{s(n-1)^2}{2n-1}$ (ii) $N = \frac{(n-1)^2}{2n-1} \approx \frac{n}{2} - 1$	(i) $x_t = \frac{s(n-1)^2}{2n-1} + s$ (ii) $N_t = \frac{(n-1)^2}{2n-1} + 1 \approx \frac{n}{2}$
(i) s দূরত্ব অতিক্রম করার পর যদি বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হয় (ii) একটি তক্তা ভেদ করার পর যদি বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হয়	(i) $x = \frac{s}{n^2-1}$ (ii) $N = \frac{1}{n^2-1}$	(i) $x_t = \frac{s}{n^2-1} + s$ (ii) $N_t = \frac{1}{n^2-1} + 1$
(i) নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারলে, এর বেগ n গুণ করা হলে পূর্বের n^2 গুণ তক্তা ভেদ করতে পারবে। [অর্থাৎ, নির্দিষ্ট পুরুত্বের a সংখ্যক তক্তা ভেদ করতে পারলে, এর বেগ n গুণ করা হলে n^2a টি তক্তা ভেদ করতে পারবে।] (ii) বিপরীতক্রমে, ঐ পুরুত্বের m সংখ্যক তক্তা ভেদ করতে হলে বেগ $\sqrt{m}$ গুণ করতে হবে। [অর্থাৎ, a সংখ্যক তক্তা ভেদ করতে পারলে, ma সংখ্যক তক্তা ভেদ করাতে হলে বেগ $\sqrt{m}$ গুণ করতে হবে।]		

Scanned with OKEN Scanner
CamScanner

MCQ

01. একটি বুলেট কোনো লক্ষ্যবস্তুতে 3 cm ভেদ করে এর অর্ধেক বেগ হারায়। বুলেটটি আরও কতটুকু ভেদ করবে? **[JU'22-23]**

(a) 1 cm (b) 1.5 cm (c) 2 cm (d) 3 cm **[Ans: a]**

সমাধান: প্রথম ক্ষেত্রে, $v^2 = u^2 - 2fs \Rightarrow \left(\frac{u}{2}\right)^2 = u^2 - 2fs$

$\Rightarrow 2 \times f \times 3 = u^2\left(1 - \frac{1}{4}\right) \Rightarrow 2f \times 3 = \frac{3}{4}u^2 \therefore 2f = \frac{1}{4}u^2 \ldots\ldots\ldots (i)$

দ্বিতীয় ক্ষেত্রে, $0^2 = \left(\frac{u}{2}\right)^2 - 2 \cdot f \cdot s' \Rightarrow \frac{u^2}{4} = \frac{1}{4}u^2 \times s' \therefore s' = 1\text{ cm}$

Shortcut: $\frac{1}{n}$ অংশ বেগ থাকলে, আরো যাবে $= \frac{s}{n^2-1} = \frac{3\text{cm}}{2^2-1} = 1\text{cm}$

02. একটি তীর একটি মাটির দেয়ালের ভিতর 3 ইঞ্চি ঢুকবার পর তার অর্ধেক বেগ হারায়। তীরটির বেগ শূন্য হওয়ার পূর্বে দেয়ালের ভিতর আর কত ইঞ্চি ঢুকবে? **[RU'17-18] [Ans: a]**

(a) 1 (b) $\frac{1}{2}$ (c) $\frac{1}{3}$ (d) $\frac{2}{3}$

সমাধান: তীরটি s পরিমাণ ঢুকে বেগ $\frac{1}{n}$ অংশ হলে, তীরটি আরও ঢুকবে $= \frac{s}{n^2-1} = \frac{3}{2^2-1} = 1$ ইঞ্চি।

Written

01. একটি বুলেট বালির বস্তা 6 cm ভেদ করার পর $\frac{1}{3}$ বেগ হারায়। বুলেটটি বালির বস্তার মধ্যে কত সেন্টিমিটার প্রবেশ করে থেমে যাবে? **[DU'23-24]**

সমাধান: বুলেট $\frac{1}{3}$ অংশ বেগ হারাবার পূর্বে, $u = u_0; v = u_0 - \frac{1}{3}u_0 = \frac{2u_0}{3}$

$s = 6\text{ cm} \therefore f = \frac{v^2-u^2}{2s} = \frac{\left(\frac{4}{9}-1\right)u_0^2}{2\times 6} = \frac{-5}{108}u_0^2$

এখন, $u = u_0; v = 0; f = \frac{-5u_0^2}{108} \therefore s = \frac{v^2-u^2}{2a} = \frac{0^2-u_0^2}{2\times\frac{-5}{108}u_0^2} = \frac{54}{5}\text{ cm}$



Shortcut: বেগ আছে, $\left(1 - \frac{1}{3}\right)$ অংশ $= \frac{2}{3}$ অংশ $= \frac{1}{\left(\frac{3}{2}\right)}$ অংশ $\therefore x = \frac{3}{2}$

$\therefore$ মোট যাবে $= \left\{\frac{6}{\left(\frac{3}{2}\right)^2-1} + 6\right\}\text{ cm} = 6 \times \left(1 + \frac{1}{\frac{9}{4}-1}\right)\text{cm} = 6 \times \left(1 + \frac{4}{5}\right)\text{cm} = 6 \times \frac{9}{5}\text{cm} = \frac{54}{5}\text{ cm}$

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Type-11: আপেক্ষিক বেগ সংক্রান্ত

➲ **Formula & Concept:**

v_A ও v_B বেগদ্বয়ের জন্য:

(i) একই দিকে গেলে আপেক্ষিক বেগ হবে তাদের বেগের অন্তরফল।

(ii) বিপরীত দিকে গেলে আপেক্ষিক বেগ হবে তাদের বেগের যোগফল।

(iii) আপেক্ষিক বেগ নির্ণয়ের ক্ষেত্রে যার সাপেক্ষে আপেক্ষিক বেগ নির্ণয় করতে হবে তার বিপরীত বেগ নিয়ে অপর বেগের সাথে সামান্তরিক গঠন করলে সামান্তরিকের বেগদ্বয়ের ক্রিয়া বিন্দুগামী কর্ণই আপেক্ষিক বেগের মান ও দিক নির্দেশ করে।



B এর সাপেক্ষে A এর বেগ, $\vec{v}_{AB} = v_A - v_B$ এবং A এর সাপেক্ষে B এর বেগ, $\vec{v}_{BA} = \vec{v}_B - \vec{v}_A$

Scanned with OKEN Scanner
CamScanner

MCQ

01. উত্তর-পূর্ব দিকে $10\ kmh^{-1}$ বেগে অগ্রসরমান একটি জাহাজের যাত্রীর কাছে মনে হয় যে বাতাস উত্তর দিক থেকে $10\sqrt{2}\ kmh^{-1}$ বেগে প্রবাহিত হচ্ছে। বাতাসের সঠিক গতিবেগ এবং দিক কোনটি? **[RU'11-12] [Ans: a]**

(a) $10\ kmh^{-1}$ দক্ষিণ-পূর্ব
(b) $11\ kmh^{-1}$ দক্ষিণ-পশ্চিম
(c) $10\sqrt{3}\ kmh^{-1}$ উত্তর-পশ্চিম
(d) $9\sqrt{2}\ kmh^{-1}$ দক্ষিণ-পূর্ব

সমাধান: ধরি, বাতাসের সঠিক গতিবেগ x।



সাইন সূত্রানুসারে, $\frac{x}{\sin 45^\circ} = \frac{10}{\sin\theta} = \frac{10\sqrt{2}}{\sin(45^\circ+\theta)}$

এখন, $\frac{x}{\frac{1}{\sqrt{2}}} = \frac{10}{\sin\theta} \Rightarrow \sin\theta = \frac{5\sqrt{2}}{x}$ ..... (i)

আবার, $\frac{10}{\sin\theta} = \frac{10\sqrt{2}}{\sin(45^\circ+\theta)} \Rightarrow \frac{x}{5\sqrt{2}} = \frac{\sqrt{2}}{\frac{1}{\sqrt{2}}\cos\theta+\frac{1}{\sqrt{2}}\sin\theta} \Rightarrow \frac{1}{\sqrt{2}}(\cos\theta+\sin\theta) = \frac{10}{x}$

$\Rightarrow \cos\theta + \frac{5\sqrt{2}}{x} = \frac{10\sqrt{2}}{x}$

$\Rightarrow \cos\theta = \frac{5\sqrt{2}}{x} \Rightarrow \cos^2\theta = \frac{50}{x^2} \Rightarrow 1 - \left(\frac{5\sqrt{2}}{x}\right)^2 = \frac{50}{x^2} \Rightarrow 1 = 2\times\frac{50}{x^2} \Rightarrow x^2 = 100$

$\therefore x = 10\ km/h$; (i) $\Rightarrow \sin\theta = \frac{5\sqrt{2}}{10} = \frac{1}{\sqrt{2}}\ \therefore \theta = 45^\circ$

অর্থাৎ $90^\circ + 45^\circ$ বা 135° কোণে উত্তর-পশ্চিম হতে দক্ষিণ-পূর্বে বাতাস প্রবাহিত হবে।

বিকল্প: $\vec{v}_s = (10\cos 45^\circ)\hat{i} + (10\sin 45^\circ)\hat{j} \Rightarrow \vec{v}_s = \frac{1}{\sqrt{2}}[(10\hat{i}) + (10\hat{j})]$

$\therefore \vec{v}_s = 5\sqrt{2}(\hat{i}+\hat{j})$ ..... (i)

এবং $\vec{v}_r = 10\sqrt{2}\,\hat{j}$ ..... (ii)

এখন, $\vec{v}_a + \vec{v}_s = \vec{v}_r \Rightarrow \vec{v}_a = \vec{v}_r - \vec{v}_s \Rightarrow \vec{v}_a = 10\sqrt{2}\,\hat{j} - [5\sqrt{2}(\hat{i}+\hat{j})]$

$\therefore \vec{v}_a = -5\sqrt{2}\hat{i} + 5\sqrt{2}\hat{j}$ অর্থাৎ $|\vec{v}_a| = \sqrt{(-5\sqrt{2})^2 + (5\sqrt{2})^2} = \sqrt{25\times2+25\times2}$

$= 10\ kmh^{-1}$; দিক: দক্ষিণ-পূর্ব।



Type-12: উল্লম্ব গতি সংক্রান্ত

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

➲ **Formula & Concept:**

গতির আদিবিন্দু বা নিক্ষেপণ বিন্দুকে অক্ষ ব্যবস্থার মূলবিন্দু ধরে যে সকল রাশির দিক উপরের দিকে (y-অক্ষের ধনাত্মক দিকে) তাদেরকে Positive ও যেসকল রাশির দিক নিচের দিকে (y-অক্ষের ঋণাত্মক দিকে) তাদেরকে negative ধরে গতির সূত্রে বসাতে হবে (অথবা প্রয়োজনে বিপরীত চিহ্ন ধরা যেতে পারে)।

- উর্ধ্বে নিক্ষিপ্ত বস্তুর ক্ষেত্রে: ↑ (+) [উপরের দিক +ve]

(i) $v = u - gt$ (ii) $v^2 = u^2 - 2gh$ (iii) $h = ut - \frac{1}{2}gt^2$

(iv) $h_{th} = u + \frac{1}{2}g(2t-1)$ (v) $h = \frac{u+v}{2}\times t$ (vi) $h_m = \frac{u^2}{2g}$

(vii) $t_m = \frac{u}{g}$ (viii) $T = \frac{2u}{g}$



- মুক্তভাবে পড়ন্ত বস্তুর ক্ষেত্রে: ↓ (+) [নিচের দিক +ve]

(i) $v = u + gt$
(ii) $v^2 = u^2 + 2gh$
(iii) $h = ut + \frac{1}{2}gt^2$
(iv) $h = \frac{u+v}{2}\times t$



Scanned with OKEN Scanner
CamScanner

❖ **Shortcut:**

➢ h উচ্চতা হতে একটি বস্তু নিচে ফেলা হল এবং একই সময়ে ভূমি হতে অপর একটি বস্তু v বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো-



(a) বস্তুদ্বয়ের মিলিত হবার সময়, $t = \frac{h}{v}$

(b) যে উচ্চতায় মিলিত হবে তার মান-

(i) h উচ্চতা হতে $y_1 = \frac{1}{2}g\left(\frac{h}{v}\right)^2$

(ii) ভূমি হতে $y_2 = h - y_1 = h - \frac{1}{2}g\left(\frac{h}{v}\right)^2$

➢ ভূমি হতে একটি বস্তুকে u বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো এবং ভূমির উপর h উচ্চতা হতে অপর একটি বস্তু v বেগে ছেড়ে দেয়া হলো। এরা t সময় পরে মিলিত হলে, $t = \frac{h}{u+v}$

➢ মোট বিচরণ কাল, $T = \frac{2u}{g}$ [u = নিক্ষেপণ বেগ]

সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2}{2g}$ [সর্বোচ্চ উচ্চতায় উঠতে সময়, $t_{max} = \frac{u}{g}$]

➢ চিন্তা করো, সমবেগে (u বেগে) ঊর্ধ্বগামী রকেট থেকে যদি কোনো বস্তু ছেড়ে দেওয়া হয় তাহলে সেই বস্তুটিরও u বেগ থাকবে। এই u বেগের জন্য বস্তুটি কিছু সময় উপরে যাবে এবং এর পর তার বেগ এক সময় শূন্য হবে (অভিকর্ষের জন্য) এর পর বস্তুটি নিচে পড়া শুরু করবে।





যেখান থেকে রকেটটি বস্তুটিকে ছেড়ে দেয়।

সূত্র: $\underset{\uparrow}{h} = -ut + \frac{1}{2}gt^2$
বস্তুটির নিট সরণ
(বস্তুটিকে যে উচ্চতা হতে ফেলা হয়েছিল।)

∴ বস্তুটি ভূমিতে আঘাত করার মুহূর্তে রকেটের উচ্চতা $= \frac{1}{2}gt^2$

MCQ

01. মুক্তভাবে পড়ন্ত কোনো বস্তু চতুর্থ সেকেন্ডে কত দূরত্ব অতিক্রম করবে? **[DU'23-24] [Ans: d]**

(a) 78.4 m (b) 44.1 m (c) 39. 2 m (d) 34.3 m

সমাধান: এখানে, $s_{th} = u + \frac{1}{2}f(2t-1) \therefore s_{4th} = 0 + \frac{1}{2}g(2\times 4-1) = \frac{7}{2}g = \frac{7}{2}\times 9.8 = 7\times 4.9 = 34.3m$

02. 2u আদিবেগ এবং আনুভূমির সাথে লম্বভাবে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা হবে- **[CU'22-23; DU'20-21] [Ans: b]**

(a) $\frac{u^2}{2g}$ (b) $\frac{2u^2}{g}$ (c) $\frac{u^2}{2g}\sin\alpha$ (d) $\frac{u^2}{2g}\cos\alpha$

সমাধান: $0^2 = (2u)^2 - 2gH \Rightarrow H = \frac{4u^2}{2g} = \frac{2u^2}{g}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

03. একটি বস্তু ছাদ হতে মুক্তভাবে 4 সেকেন্ডে ভূমিতে পতিত হয়। শেষ 2 সেকেন্ডে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করল? **[CU'20-21; JnU'16-17] [Ans: d]**

(a) 128 ফুট (b) 16 ফুট (c) 96 ফুট (d) 192 ফুট

সমাধান: প্রথম 2s পর বেগ, $v = g\times 2 = 2g$; শেষ 2 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= v\times 2 + \frac{1}{2}\times g\times 2^2$

$= 2\times 2g + 2g = 6g = (6\times 32) = 192$ ফুট।

বিকল্প: শেষ 2 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব = 4 সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব – প্রথম 2 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব

$= \frac{1}{2}g(4^2 - 2^2) = \frac{1}{2}\times 32\times 12 = 192$ ফুট

04. $10\ ms^{-1}$ বেগে ঊর্ধ্বগামী কোনো বেলুন হতে একটি পাথরের টুকরো ফেলে দেয়ার 10 sec পর মাটিতে পড়ে। পাথরটি ফেলে দেয়ার সময় বেলুনের উচ্চতা কত ছিল? **[RU'19-20] [Ans: b]**

(a) 590 m (b) 390 m (c) 49 m (d) 490 m

সমাধান: $h = \left\{-10\times 10 + \frac{1}{2}\times 9.8\times (10)^2\right\} = -100 + \frac{980}{2} = 390\ m$

Scanned with OKEN Scanner
CamScanner

05. একটি বস্তু উল্লম্বভাবে নিক্ষিপ্ত হলে সর্বাধিক উচ্চতা ও ঐ উচ্চতায় পৌঁছাবার সময় কত হবে? **[KU'18-19] [Ans: b]**

(a) $\frac{u^2}{2g}, \frac{u}{2g}$ (b) $\frac{u^2}{2g}, \frac{u}{g}$ (c) $\frac{u^2}{g}, \frac{u}{g}$ (d) $\frac{u^2}{g}, \frac{2u}{g}$

06. একটি শূন্য কূপের মধ্যে একখণ্ড পাথরের টুকরা ছেড়ে দেয়ার পর তা $19.6\ ms^{-1}$ বেগে কূপের তলদেশে পতিত হয়। কূপের গভীরতা কত মিটার? **[RU'17-18] [Ans: d]**

(a) 9.8 (b) 32.0 (c) 16.5 (d) 19.6

সমাধান: $h = \frac{v_0^2}{2g} = \frac{(19.6)^2}{2\times9.8} = 19.6\ m$

07. $20\ ms^{-1}$ বেগে ঊর্ধ্বগামী কোনো বেলুন থেকে পতিত এক টুকরা পাথর 20 সেকেন্ড পরে মাটিতে পড়ল। পাথরের টুকরা পতিত হওয়ার সময় বেলুনের উচ্চতা কত ছিল? **[RU'14-15; DU'10-11] [Ans: d]**

(a) 390 m (b) 560 m (c) 12580 m (d) 1560 m

সমাধান: $h = -ut + \frac{1}{2}gt^2 \Rightarrow h = -20\times20 + \frac{1}{2}\times9.8\times20^2 = -400 + 4.9\times4\times100$

$= -400 + 490\times4 = 1560\ m$

08. কোনো স্তম্ভের শীর্ষ হতে $19.5\ ms^{-1}$ বেগে খাড়া উপরের দিকে নিক্ষিপ্ত কোনো কণা 5 সেকেন্ড পরে স্তম্ভের পাদদেশে পতিত হলে স্তম্ভের উচ্চতা- **[DU'11-12, 07-08, 06-07, 05-06; RU'11-12] [Ans: b]**

(a) 20 m (b) 25 m (c) 30 m (d) 50 m

সমাধান: $h = -ut + \frac{1}{2}gt^2 = -19.5\times5 + \frac{1}{2}\times9.8\times5^2 = 25\ m$

Type-13: শব্দ শোনার সময় হিসেব করে গভীরতা নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

গতিবিদ্যার মুক্তভাবে পড়ন্ত বস্তুর সূত্র, $h = ut + \frac{1}{2}gt^2$

$v = u + gt$ ইত্যাদি ব্যবহার করতে হবে [পড়ন্ত বস্তুটির জন্য]

যেখানে, u = আদিবেগ, v = শেষবেগ, g = অভিকর্ষজ ত্বরণ

কূপে মুক্তভাবে পতনশীল বস্তুর ক্ষেত্রে (বায়ুর বাধা অগ্রাহ্য করে):

একটি পাথর কুয়ার ভিতর ফেলার t সময় পরে পানিতে এর পতনের শব্দ শোনা গেলো। শব্দের বেগ v এবং কুয়ার গভীরতা h হলে,

$t = \sqrt{\frac{2h}{g}} + \frac{h}{v}$

শব্দের জন্য:

$h = v_s t$ ব্যবহার করতে হবে। [শব্দ সমবেগে চলে]

v_s = শব্দের বেগ

Written

01. একটি শূন্য কুয়ার মধ্যে অবাধে পড়ন্ত একখণ্ড পাথর $19.6\ ms^{-1}$ গতিবেগে এর তলদেশে পতিত হলো। পাথর ফেলার $2\frac{2}{35}$ সেকেন্ড পর এর পতনের শব্দ শোনা গেলে শব্দের গতিবেগ এবং কুয়ার গভীরতা নির্ণয় কর। **[RU'17-18]**

সমাধান: মনে করি, কূপের গভীরতা h মি. এবং পাথর খণ্ডটি কূপের তলদেশে পৌঁছে t সেকেন্ডে।

তাহলে তলদেশে সৃষ্ট পতন শব্দ $\left(2\frac{2}{35} - t\right) = \left(\frac{72}{35} - t\right)$ সেকেন্ডে কূপের উপরে আসে।

পাথর পতনের ক্ষেত্রে: $v^2 = u^2 + 2gh$ সূত্র হতে পাই, $(19.6)^2 = 0 + 2\times9.8h \Rightarrow h = 19.6\ m$ **(Ans.)**

$v = u + gt$ সূত্র হতে পাই, $19.6 = 0 + 9.8t \Rightarrow t = 2$ sec.

শব্দের বেগ v মি./সে. হলে, $h = v\left(\frac{72}{35} - t\right) \Rightarrow 19.6 = v\left(\frac{72}{35} - 2\right) = \frac{2}{35}v \Rightarrow v = 343\ ms^{-1}$

∴ শব্দের গতিবেগ 343 মি./সে.। **(Ans.)**

02. বিল্ডিং এর ছাদের উপর থেকে একটি পাথর ফেলা হলো এবং 3.5 সেকেন্ড পরে পাথরটি ভূমিতে পড়ার শব্দ শোনা গেল। বিল্ডিংটির উচ্চতা কত? [$g = 9.81$ মি./সে^{2}, শব্দের বেগ 327 মি./সে.]। **[KU'13-14]**

সমাধান: মনে করি, বিল্ডিং এর উচ্চতা = h ; ভূমিতে পড়তে সময় = $\sqrt{\frac{2h}{g}}$, শব্দ যাওয়ার সময় = $\frac{h}{327}$

∴ $\sqrt{\frac{2h}{g}} + \frac{h}{327} = 3.5$ সমাধান করে পাই, $h = 54.5\ m$ **(Ans.)**

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

Type-14: প্রাস সংক্রান্ত

➲ **Formula & Concept:** প্রাসের গতিপথ একটি পরাবৃত্ত। α কোণে ভূমি থেকে u বেগে নিক্ষিপ্ত প্রাসের ক্ষেত্রে, গতিসূত্র:

(i) $v_x = u_x = u\cos\alpha$

(ii) $v_y = u_y - gt = u\sin\alpha - gt$

(iii) $v = \sqrt{v_x^2 + v_y^2}$; $\theta_v = \tan^{-1}\frac{v_y}{v_x}$

(iv) $x = u_x t = u\cos\alpha\, t$

(v) $y = u_y t - \frac{1}{2}gt^2 = u\sin\alpha\, t - \frac{1}{2}gt^2$

(vi) $r = \sqrt{x^2 + y^2}$; $\theta_r = \tan^{-1}\frac{y}{x}$

চলরেখার সমীকরণ: $y = x\tan\alpha - \frac{gx^2}{2u^2\cos^2\alpha} = x\tan\alpha\left(1 - \frac{x}{R}\right)$

সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2\sin^2\alpha}{2g}$

সর্বোচ্চ উচ্চতায় উঠতে সময়, $t_{max} = \frac{u\sin\alpha}{g}$

বিচরণকাল, $T = \frac{2u\sin\alpha}{g}$;

আনুভূমিক পাল্লা, $R = \frac{u^2\sin 2\alpha}{g}$; $\tan\alpha = \frac{4H}{R}$

সর্বোচ্চ আনুভূমিক পাল্লা, $R_{max} = \frac{u^2}{g}$ [যখন $\alpha = 45°$]

এখন, $R = \frac{u^2}{g}\sin 2\alpha \therefore \boxed{R = R_{max}\sin 2\alpha}$



সর্বোচ্চ উচ্চতায় বেগের উল্লম্ব উপাংশের মান $v_y = u\sin\alpha - gt = 0$
∴ বস্তুটি আনুভূমিকভাবে যায়।

❖ **Shortcut:**

➢ α কোণে u আদি বেগে নিক্ষিপ্ত কোনো কণা t সময় পর কণাটির আদিবেগ u এর দিকের সাথে লম্বভাবে অবস্থান করলে, $t = \frac{u}{g\sin\alpha}$

➢ কোনো বস্তুকে একই আদিবেগে α এবং $\frac{\pi}{2} - \alpha$ কোণে নিক্ষেপ করলে তারা একই আনুভূমিক দূরত্ব অতিক্রম করে।

MCQ

01. একটি বস্তু 15 ms^{-1} বেগে আনুভূমিকের সাথে 30° কোণে নিক্ষিপ্ত হলে, বস্তুটির ভ্রমণকাল কত? **[RU'23-24, 20-21] [Ans: b]**

(a) 1.4 s (b) 1.53 s (c) 2.53 s (d) 2.4 s

সমাধান: $T = \frac{2u\sin 30°}{g} = \frac{2\times 15\times\frac{1}{2}}{10} = 1.53 \text{ sec} \approx 1.53 \text{ s}$

02. একটি প্রক্ষেপকের আনুভূমিক পাল্লা এর সর্বোচ্চ উচ্চতার চার গুণ হলে নিক্ষেপণ কোণ বের করো।
[GST'23-24; Agri.'19-20] [Ans: b]

(a) 30° (b) 45° (c) 60° (d) 80°

সমাধান: আনুভূমিক পাল্লা সর্বোচ্চ উচ্চতার চারগুণ $\Rightarrow R = 4H \Rightarrow \frac{u^2\sin 2\alpha}{g} = 4\times\frac{u^2\sin^2\alpha}{2g}$

$\Rightarrow 2\sin\alpha\cos\alpha = 2\sin^2\alpha \Rightarrow \tan\alpha = 1 ; \alpha = 45°$

Shortcut: $\tan\alpha = \frac{4H}{R} = \frac{R}{R} = 1 \Rightarrow \alpha = \tan^{-1}(1) = 45°$

03. যদি H সর্বোচ্চ উচ্চতা এবং R আনুভূমিক পাল্লা হয়, তবে একটি বস্তুকে ভূমির সাথে 30° কোণে নিক্ষেপ করা হলে নিচের কোনটি সঠিক? **[DU'22-23] [Ans: c]**

(a) $R = \sqrt{3}H$ (b) $R = 4H$ (c) $R = 4\sqrt{3}H$ (d) $R = 3\sqrt{2}H$

সমাধান: $\tan\alpha = \frac{4H}{R} \Rightarrow \tan 30° = \frac{4H}{R} \Rightarrow \frac{1}{\sqrt{3}} = \frac{4H}{R} \therefore R = 4\sqrt{3}H$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

04. ভূমি থেকে শূন্যে নিক্ষিপ্ত একটি বল 100 মিটার দূরে ভূমিতে ফিরে আসে। সেটার বিচরণপথের সর্বাধিক উচ্চতা $\frac{75}{4}$ মিটার হলে নিক্ষেপণ কোণ কত? **[GST'22-23] [Ans: b]**

(a) $\tan^{-1}\left(\frac{4}{3}\right)$ (b) $\cos^{-1}\left(\frac{4}{5}\right)$ (c) $\sin^{-1}\left(\frac{5}{3}\right)$ (d) $\sin^{-1}\left(\frac{3}{4}\right)$

সমাধান: $\therefore \tan\alpha = \frac{4H}{R} = \frac{4\times\frac{75}{4}}{100} = \frac{75}{100} = \frac{3}{4}$



$\therefore \alpha = \tan^{-1}\frac{3}{4} = \sin^{-1}\frac{3}{5} = \cos^{-1}\frac{4}{5}$ ∴ অপশন অনুযায়ী উত্তর: $\cos^{-1}\frac{4}{5}$



05. শূন্যে নিক্ষিপ্ত একটি পাথর খণ্ডের সর্বাধিক পাল্লার মান 40 মিটার। পাথরের সর্বাধিক উচ্চতা কত মিটার? **[RU'22-23] [Ans: b]**

(a) 20.1 (b) 20 (c) 21 (d) 21.5

সমাধান: $R_{max} = \frac{u^2}{g} = 40$ এবং $H_{max} = \frac{u^2}{2g}[\alpha = 90°] = \frac{1}{2}\times\frac{u^2}{g} = \frac{1}{2}\times 40 = 20\text{ m}$

06. বাংলাদেশের গোল রক্ষক যদি ১ কি. মি /ঘণ্টা বেগে বল কিক করে তবে সর্বাধিক উচ্চতায় বলের ত্বরণ কত? **[CU'22-23]**

(a) 1 (b) $\frac{1}{2}$ (c) -1 (d) 0

সমাধান: (সঠিক উত্তর নেই); সর্বাধিক উচ্চতায় কোনো আনুভূমিক ত্বরণ থাকে না; শুধুমাত্র অভিকর্ষজ ত্বরণ $g = 9.8\text{ ms}^{-2}$ ক্রিয়াশীল।

07. একটি ক্রিকেট বলকে 40 ms^{-1} বেগে এবং ভূমির সাথে $60°$ কোণে ব্যাট দ্বারা আঘাত করলে সর্বোচ্চ উচ্চতায় বলটির বেগ কত?

(a) 0 (b) 20 ms^{-1} (c) 30 ms^{-1} (d) 40 ms^{-1} **[JU'19-20] [Ans: b]**

সমাধান: সর্বোচ্চ উচ্চতায় উল্লম্ব বেগ শূন্য। $\therefore v = (40\cos 60°)\text{ ms}^{-1} = 20\text{ ms}^{-1}$

08. যদি u বেগে আনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তু T সময়ে তার গতিপথের সর্বোচ্চ উচ্চতা H এ পৌঁছায়, তবে $\frac{H}{T^2}$ হবে-

(a) $\frac{2}{g}$ (b) $\frac{g}{2}$ (c) g (d) $\frac{1}{g}$ **[DU'17-18] [Ans: b]**

সমাধান: $\frac{H}{T^2} = \frac{u^2\sin^2\theta}{2g}\times\frac{g^2}{u^2\sin^2\theta} = \frac{g}{2}$

09. কোনো নিক্ষিপ্ত বস্তুর আনুভূমিক পাল্লা বৃহত্তম পাল্লার অর্ধেক হলে, নিক্ষেপণ কোণ কত? **[RU'17-18] [Ans: c]**

(a) $120°$ (b) $90°$ (c) $15°$ অথবা $75°$ (d) কোনটিই নয়

সমাধান: $\frac{R}{R_{max}} = \sin 2\alpha \Rightarrow \frac{\frac{1}{2}}{1} = \sin\alpha \Rightarrow 2\alpha = \sin^{-1}\left(\frac{1}{2}\right)$ $\therefore \alpha = 15°$ আবার, $90° - \alpha = 75°$

10. 32 fts^{-1} আদিবেগ এবং ভূমির সাথে $15°$ কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার আনুভূমিক পাল্লা কত হবে? **[JnU'17-18]**

(a) 16 ft (b) $16\sqrt{3}$ ft (c) 32 ft (d) $32\sqrt{3}$ ft **[Ans: a]**

সমাধান: $g = 32\text{ fts}^{-1}$ $\therefore R = \frac{u^2}{g}\sin 2\theta = \frac{32\times32}{32}\times\sin 30° = 32\times\frac{1}{2} = 16\text{ft}$

11. u বেগে আনুভূমিকের সাথে $30°$ কোণে নিক্ষিপ্ত বস্তুকণার সর্বোচ্চ উচ্চতা কত হবে? **[CU'17-18] [Ans: c]**

(a) $\frac{u^2}{2g}$ (b) $\frac{u^2}{4g}$ (c) $\frac{u^2}{8g}$ (d) $\frac{u^2}{16g}$

সমাধান: $H_{max} = \frac{u^2\sin^2\theta}{2g} = \frac{u^2\times\sin^2 30°}{2g} = \frac{u^2\times\left(\frac{1}{2}\right)^2}{2g} = \frac{u^2}{4\times2g} = \frac{u^2}{8g}$

12. 32 fts^{-1} আদিবেগে এবং ভূমির সাথে $30°$ কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার ভ্রমণকাল- **[DU'16-17, 13-14] [Ans: b]**

(a) 0.5 s (b) 1 s (c) 1.5 s (d) 2 s

সমাধান: $T = \frac{2u\sin\alpha}{g} = \frac{2\times32\times\sin 30°}{32} = 1\text{ s}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner

13. একজন বালক একটি বলকে উল্লম্বভাবে 68 মিটার নিক্ষেপ করতে পারে। সে তা ভূমির সমতলে কত দূরে নিক্ষেপ করতে পারবে?

(a) 136 m (b) 204 m (c) 135.8 m (d) 150 m **[CU'16-17] [Ans: a]**

সমাধান: $H_{max} = \frac{u^2_{max}}{2g} \Rightarrow 68 = \frac{u^2_{max}}{2\times10} \Rightarrow u^2_{max} = 1360\ ms^{-1}$

$R_{max} = \frac{u^2_{max}}{g} = \frac{1360}{10} = 136\ m$

14. বায়ুশূন্য স্থানে প্রক্ষিপ্ত বস্তুকণার গতিপথ কেমন হবে? **[CU'14-15] [Ans: c]**

(a) রৈখিক (b) বৃত্তাকার (c) পরাবৃত্তাকার (d) অধিবৃত্তাকার

15. একটি কণা v বেগে নিক্ষিপ্ত হলে যদি তার আনুভূমিক পাল্লা বৃহত্তম উচ্চতার দ্বিগুণ হয়, তবে তার আনুভূমিক পাল্লা- **[KU'14-15, 09-10]**

(a) $\frac{8v^2}{5g}$ (b) $\frac{v^2}{5g}$ (c) $\frac{2v^2}{5g}$ (d) $\frac{4v^2}{5g}$ **[Ans: d]**

সমাধান: $R = 2H \Rightarrow 2 \times \frac{v^2\sin^2\alpha}{2g} = \frac{v^2\sin 2\alpha}{g} \Rightarrow \frac{v^2\sin^2\alpha}{g} = \frac{2v^2\sin\alpha\cos\alpha}{g}$

$\Rightarrow \sin\alpha = 2\cos\alpha$



$\therefore \tan\alpha = 2 \Rightarrow \sin\alpha = \frac{2}{\sqrt{5}}$ ও $\cos\alpha = \frac{1}{\sqrt{5}} \therefore R = \frac{v^2\times2\times\frac{2}{\sqrt{5}}\times\frac{1}{\sqrt{5}}}{g} = \frac{4v^2}{5g}$

Shortcut: $\tan\alpha = \frac{4H}{R} = \frac{4H}{2H} = 2 \therefore \tan\alpha = 2\ ;\ \sin 2\alpha = \frac{2\tan\alpha}{1+\tan^2\alpha} \therefore R = \frac{v^2\sin(2\alpha)}{g} = \frac{v^2\times\frac{2\times2}{1+4}}{g} = \frac{4v^2}{5g}$

16. প্রদত্ত R পাল্লার ক্ষেত্রে প্রক্ষিপ্ত বস্তুর দুইটি গমন পথে সর্বাধিক উচ্চতা h ও h′ হলে, নিচের কোনটি সঠিক? **[KU'14-15] [Ans: a]**

(a) $R = 4\sqrt{hh'}$ (b) $R = \sqrt{hh'}$ (c) $R^2 = 4\sqrt{hh'}$ (d) $R = 4hh'$

সমাধান: ধরি, বস্তুটির বেগ v ও তাদের α ও α' কোণে প্রক্ষিপ্ত করা হয়।

$\therefore h = \frac{v^2\sin^2\alpha}{2g}\ \therefore h' = \frac{v^2\sin^2(90°-\alpha)}{2g} = \frac{v^2\cos^2\alpha}{2g}$

$\therefore\ R = \frac{v^2\sin 2\alpha}{g} = 4\times\sqrt{\frac{v^4\sin^2 2\alpha}{16g^2}} = 4\times\sqrt{\frac{(v^2)^2.(2\sin\alpha.\cos\alpha)^2}{16g^2}} = 4\times\sqrt{\frac{v^2\sin^2\alpha}{2g}\frac{v^2\cos^2\alpha}{2g}} = 4\sqrt{hh'}$

17. u বেগে আনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত কণার বিচরণকাল কোনটি হবে? **[RU'13-14] [Ans: a]**

(a) $\frac{2u\sin\alpha}{g}$ (b) $2u\sin\alpha$ (c) $\frac{u}{g}$ (d) $\frac{\sin\alpha}{g}$

18. ভূমির সাথে 30° কোণে 196.2 ms^{-1} বেগে নিক্ষিপ্ত একটি বস্তুর সর্বাধিক উচ্চতা কত হবে? **[RU'13-14] [Ans: a]**

(a) 491 মি. (b) 490.5 মি. (c) 494.5 মি. (d) 395 মি.

সমাধান: $H = \frac{u^2\sin^2\alpha}{2g} = \frac{196.2\times196.2\times\frac{1}{4}}{2\times9.8} = 491$ মি.

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Written

01. t সেকেন্ডে একটি প্রক্ষেপক তার বিচরণপথের P বিন্দুতে পৌঁছে। আরো t′ সেকেন্ড সময় শেষে ঐ প্রক্ষেপকটি P বিন্দু থেকে প্রক্ষেপণ বিন্দুর সমতলে ফিরে আসে। দেখাও যে, ঐ তল থেকে P বিন্দুর উচ্চতা $\frac{1}{2}gtt'$। **[RU'19-20]**

সমাধান:



এখানে, $(t+t') = \frac{2u}{g} \Rightarrow \frac{g(t+t')}{2} = u$ ..... (i)

$h = ut - \frac{1}{2}gt^2 = \frac{g}{2}(t+t')t - \frac{1}{2}gt^2 = \frac{1}{2}gt^2 + \frac{1}{2}gtt' - \frac{1}{2}gt^2 \therefore h = \frac{1}{2}gtt'$ (দেখানো হলো)

Scanned with OKEN Scanner
CamScanner

[JnU'18-19]

02. প্রমাণ কর যে, উল্লম্ব তলে প্রক্ষিপ্ত কণার গতিপথ একটি পরাবৃত্ত (parabola)।

সমাধান: কোনো বিন্দুর চলরেখার সমীকরণ হচ্ছে যে কোনো মুহূর্তে তার স্থানাঙ্কগুলির সম্পর্ক নির্দেশক সমীকরণ।



ধরা যাক, প্রসঙ্গ কাঠামোর মূলবিন্দু O থেকে আনুভূমিক x অক্ষের সাথে θ_0 কোণে XY তলে $\vec{v}_0$ বেগে একটি বস্তু নিক্ষেপ করা হলো।

সুতরাং, x ও y অক্ষ বরাবর এর আদি বেগের উপাংশগুলি যথাক্রমে, $v_{x_0} = v_0\cos\theta_0$ এবং $v_{y_0} = v_0\sin\theta_0$।

বস্তুটি মূলবিন্দু থেকে নিক্ষেপ করায় $x_0 = 0$ এবং $y_0 = 0$। বস্তুটির উপর শুধুমাত্র অভিকর্ষজ ত্বরণ g খাড়া নিচের দিকে ক্রিয়া করে।

সুতরাং $a_x = 0$ এবং $a_y = -g$। t সময় পরে বস্তুটির স্থানাঙ্ক P(x,y) হলে, $x = (v_0\cos\theta_0)t$ ..... (i)

$y = (v_0\sin\theta_0)t - \frac{1}{2}gt^2$ ..... (ii)

(i) ও (ii) নং সমীকরণ দুটি হতে t অপসারণ করে পাই, $y = (v_0\sin\theta_0) \times \frac{x}{v_0\cos\theta_0} - \frac{1}{2}g\left(\frac{x}{v_0\cos\theta_0}\right)^2$

$y = (\tan\theta_0)x - \frac{g}{2(v_0\cos\theta_0)^2}x^2$ ..... (iii)

v_0, θ_0 এবং g ধ্রুবক বলে (iii) নং সমীকরণটি $y = ax - bx^2$ আকারের একটি পরাবৃত্তের সমীকরণ।

অতএব, প্রাসের গতিপথ হচ্ছে একটি পরাবৃত্ত। (প্রমাণিত)

Type-15: ভূমি থেকে h উচ্চতা হতে ভূমির সমান্তরাল দিকে নিক্ষিপ্ত প্রক্ষেপকের গতি সংক্রান্ত

➲ **Formula & Concept:**

নিচের দিককে ধনাত্মক (+ve) বিবেচনা করলে,

$u_x = u,\ u_y = 0$

$a_x = 0,\ a_y = +g$



$v_x = u_x = u; v_y = u_y + gt = gt$

$$v = \sqrt{v_x^2 + v_y^2}$$
$$\theta = \tan^{-1}\frac{v_y}{v_x}$$

$x = u_x t = ut\ ;\ y = u_y t + \frac{1}{2}gt^2 = \frac{1}{2}gt^2$

MCQ

01. একটি স্তম্ভের চূড়া হতে $5\ ms^{-1}$ বেগে আনুভূমিক দিকে নিক্ষিপ্ত একটি বল স্তম্ভের পাদদেশ হতে 20 মিটার দূরে মাটিতে পড়ে। স্তম্ভের উচ্চতা কত? [JU'14-15] [Ans: a]

(a) 78.4 m (b) 78.0 m (c) 68.4 m (d) 80.4 m

সমাধান: $5\cos(0)\,t = 20 \Rightarrow t = \frac{20}{5} = 4s;\ h = \frac{1}{2}gt^2 \Rightarrow h = 4.9\times4^2 = 78.4$ m

বিকল্প: $-y = (\tan\theta_0)x - \frac{g}{2(v_0\cos\theta_0)^2}x^2 \Rightarrow -y = -\frac{9.8}{2\times5^2\times1^2}\times(20)^2$ $[\because \tan 0° = 0]$

$\therefore y = \frac{4.9\times20\times20}{25} = \frac{49\times40}{25} = 78.4$ m

> জীবনে কী ঘটে সেটা গুরুত্বপূর্ণ নয়। বরং তুমি সেখান থেকে কী শিখেছ এবং কীভাবে মনে রেখেছো সেটাই মুখ্য।
>
> -Gabriel Garcia Marquez

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with OKEN Scanner
CamScanner